
# SHARODIYA
# DURGA PUJA 2021



AANTARIK- BENGALI ASSOCIATION OF BROMLEY

ANNUAL E-MAGAZINE

Antarik
Bengali Association of Bromley

# শারদীয়া

Published in the United Kingdom

# Message from the Director

Hello again, to all our dear patrons and friends. It is that time of the year when Maa Durga with her children, is here to bless us all. And to remind us that good or love always wins over anything that is the opposite of that.

Team Aantarik is back again in all it's glory and fervour to present to you a memorable Durga Pujo. The kind of Pujo that we have all missed last year.

It has been a very difficult journey of loss, pain and uncertainty for the world over. But we have all embraced it and proved yet again that we would not go into darkness come what may.

Wish you all good health and happy times. Hope this festive season brings back a lot of joy and delight in all our lives. Hope we all have a grand celebration together yet again and create the fondest memories.

Jay Mahishashur Mardini!

Smita Chakraborty
Aantarik
Bromley, UK



# Message from the Founder

Finally it is Durga Puja time again and I feel so very grateful to have the opportunity of welcoming Maa Durga once again into a space not bounded and limited by virtual and online constraints. Aantarik's Durga Puja 2021 is being held again with all the gusto and fervour that Bengalis are known to magically summon up during this time of the year, every year!

Aantarik stands for 'aantorikota' or in other words, closeness, warmth, and open-heartedness. Bringing communinites together with this message of love and fellow feeling is what drove me to set up this informal group seven years ago and it is still the guiding principle that binds like-minded people together.

This year, I would like to extend a warm welcome to all our new members who joined us recently. I would also like to extend special thanks to all my friends and acquaintances who have come forward selflessly to help with the organization of Durga Puja this year. Aantarik's Durga Puja is a free community event (just like all the other events we have organized from time to time in the past) and therefore completely depends on the willingness of the community members to come forward and support – be in in the planning of activities, owning up to specific responsibilities, or committing to activities needed on the day. The strength and success of a community is often reflected outwardly in the success of its events and the selfless charitable work it is able to mobilise. In that regard, I would really love to see ourselves getting stronger and stronger as a closely knit community that cares and shares. So, I warmly welcome you to please come forward and take ownership of its further evolution and success.

Finally, although the worst is hopefully over, we still need to be very careful when it comes to the pandemic which has not really gone away yet. I request all those who will visit Aantarik's Puja Hall this year to be sensitive and respectful towards others – please ensure you have done your Lateral Flow Tests before visiting and try to use masks/sanitisers as much as possible. Avoid visiting at peak times or when there is rush. Also, pre-register if possible

Minu Mukherjee
Aantarik, Kent, UK



Bengali Association of Bromley

# Message from the Editor

With a history of Durga Puja celebrations going back more than 100 years in my ancestral home, it has naturally held a special place in my heart since my early childhood. So, every opportunity to contribute or participate in Durga Puja excites and inspires me no end. Be it in participating in organisational aspects or doing independent creative work, if it is associated with Durga Puja I am always in!

This is exactly the reason I have had so much fun editing the Aantarik Sharodiya magazine for the last three years. Your feedback on the magazine has so far been excellent and I hope this year's will be no exception. There is a plethora of wide-ranging original content you will not find anywhere else. This includes essays, stories, poems, paintings and photographs from creators of all ages - both highly accomplished and respected figures, as well as those that are just starting out on their artistic or literary journeys.


This year once again we are releasing the magazine as an online only e-version in order to continue to be environmentally responsible.

Our e-magazine which gets circulated widely across the UK also carries the promotional materials of local businesses who have been consistent sponsors of our free community events. Indian Essence, Shop Asia, and Tamasha Hotel & Restaurant - these are great businesses in our community and I request you all to please support them with your custom if you are able to.

Happy reading ahead.

Maa Durga Koro Koruna! 🙏🏽🙏🏽🙏🏽

Shirshendu Mukherjee
Aantarik
Orpington, UK



# *An English Novelist's Tryst with Bengali Detective Character*

- Tony Bassett

The days of the fictional English male detective bustling round quiet country villages solving murders are almost certainly numbered. Books featuring popular characters like Morse and Barnaby will, of course, always sell extremely well. But writers new to the crime genre like myself have to accept such characters may be a dying breed. This is why, in such a competitive market, anyone wishing to write crime novels with any chance of success has to be more inventive. As a result, I have been planning for some time to make the main protagonist in my forthcoming book a female detective from a West Bengali background.

I have carried out some research into the subject. I am familiar with A Rising Man by Abir Mukherjee and other excellent works by this author. But his books concern the 1920s and are set in Kolkata. I don't know at present of any modern-day crime fiction set in the UK with a West Bengali main character.

Step forward Detective Sergeant Sunita Roy, a twenty-five-year-old law graduate who, I've decided, is set to make waves as a new recruit at a Midlands CID department. The novel, which is at present half-written, is based in Warwickshire, close to Birmingham. This is an area which I believe has been rather overlooked by crime writers. It offers an author the chance to cover both rural crime and urban crime in Britain's second city.

Sunita, whose family come from Kolkata, has a younger sister called Tulika, who is a trainee solicitor. Their parents run a guesthouse. She is enthusiastic, hard-working and has a razor-sharp mind. The character of Sunita Roy is introduced in the second chapter of the book. She is travelling in early January from Kolkata to Birmingham and are first seen boarding their Emirates connecting flight at Dubai. Her travelling companion is her cousin Daniel. They have been to Kolkata to visit family and while there they have celebrated Sankranti. The pair fall into conversation with a young girl who is sitting next to them. She asks them if they have been watching cricket:

'No,' said Daniel. 'We've been to a festival. All over the city there were people singing and dancing, flying kites, holding bonfires and feasting. They make these really sweet pancakes. I'm not used to them and I ate too many!'

'It's called Sankranti,' Sunita observed. 'It marks the passage of the sun into Capricorn.'

‘I see,’ said the woman, looking blank. ‘D’you ever watch cricket?’

. ‘My Dad’s a big fan of Virat Kohli and Rohit Sharma,’ said Sunita. ‘But netball and hockey are my sports.’

One reason why I have created this character with an Indian and Hindu background is that I was very impressed by the amazing career of Neil Basu. He is currently an Assistant Commissioner with the Met Police. Here is a man who has quietly risen through the ranks from being a beat bobby to take charge of the counter terrorism brief at Scotland Yard and is Britain’s most senior Asian police officer. Like my character Sunita, he comes originally from the West Midlands. For my research, I approached Aantarik and I found their members extremely forthcoming and helpful, providing me with information about the way people from West Bengali backgrounds live in Britain – the style of clothing, religion, culture and so on. Based on their suggestion, I have been reading the adventures of Feluda and stories about Byomkesh Bakshi, which I have enjoyed reading. I also obtained four books on Hinduism which are recommended to students following a course at the University of London. These books covered the history and development of the religion, which was a completely new world for me. I hadn’t realised how complex a subject it is, but a very interesting one that touches on philosophy as well as faith.

I hope my book will be published next year. Since retiring from full-time work as a journalist in 2015, I have had two novels published. The first, Smile Of The Stowaway (published by The Conrad Press in December 2018) concerns a Kent couple who discover an African stowaway beneath their motor-home when they arrive home from a holiday in France. Instead of handing him to the authorities, they shelter him and find him a job. Then he is accused of murdering a work colleague on Guy Fawkes’ Night and the couple campaign to prove his innocence.

My second novel, released in March this year by The Conrad Press, is a spy thriller called The Lazarus Charter. It features the same couple as in the first book, teachers Bob and Anne Shaw. This time Bob Shaw is astonished when he spots a friend at a London Underground station whose funeral he had attended weeks before. Is the man at the station an impostor or did the friend fake his own death? This book is dedicated to the murdered Russian dissident Alexander Litvinenko and the innocent mother of three, Dawn Sturgess, who died from novichok in 2018. The families of both victims have kindly helped to publicise the book.

I first developed an interest in writing while at school and university. There followed a forty-three year career as a journalist, spent mainly working for the Sunday People newspaper. On one occasion, while working for the Sunday People, I took an escaped gangster back to prison. I hope that all the knowledge and experience gained during those years as a newspaper reporter will add flavour and realism to my books.

Amazon link to Tony's books: https://www.amazon.co.uk/Books-Tony-Bassett/s?rh=n%3A266239%2Cp_27%3ATony+Bassett

# *Love they say*

Abhirup placed the cups neatly on the dining table.

Slightly limping,he went back to the kitchen to check if the tea leaves are soaked enough. He opened the lid and took his face closer to the kettle to check what size the tea leaves have acquired, vapour hazing his spectacles.

Big silky brown flakes floating in the translucent fluid meant tea was ready.

Since his college days, Abhirup took pride in his ways with the golden liquid. Professor Sanyal always joked in his lab that, 'if one can't make good tea, one can never be a good researcher'. Abhirup  knew this was Dr. Sanyal's underhanded ways of praising his favourite student, and he never disappointed him-- tea or otherwise.

In his 38 years of nuptial bliss, this sunup routine remained unchanged.

Largely because Abhirup loved brewing the morning cup, and not so largely because Tapati nurtured a different idea.

Tapati's teenage wish of giving early rise a miss and finding tea ready to give her still sleepy mind a nudge, turned into reality, when she married Abhirup and was quick to realise how the man in the house enjoyed stirring those  brown leaves.

It is to this stirring that Tapati wakes up every morning. For 37 years now.

Abhirup, un-slumbered to a familiar stiffness this morning. Hobbling towards the cupboard, balancing himself on one door, he took out his winter obvious.

A few days into Diwali, the air felt the nip.
His body working like the weather cock, prompted him to get his cupboard winter-ready.
As he slipped into his now faded mauve pullover, which looked more brown , his eyes met Tapati's. Half peeping through her Dohar she smiled at him.

Abhirup knows this smile.

" So your second skin is on", Tapati quipped with a sheepish grin in her half awake tone.

Abhirup never answered her back. The pullover almost 25 years old was the first handmade gift Tapati  gave him when she learned to knit.
Like many of her musings, the interest disappeared after a few successful attempts.
He never fathomed what kept him warm in this pullover, the sheep wool or the memories.

Tea,now ready, was placed on the dining table.
Tapati suggested they have it in their quietly curated balcony. She always had this impromptu suggestions which made a moment better.

To which Abhirup  exhibited his quite indulgence, always.

The first year of their marriage, was lived separately.
Abhirup, as Junior Research Scientist, stayed away.
Every telephonic conversation finally ended with tea-making, where Tapati candidly confessed, she doesn't drink tea, because she never loved making one.

He almost felt responsible.

A year an a half later, when he finally found a good offer near home he was happy.But Tapati was elated,

" Yyeeey! Tea time ", she shouted, not caring to hide her excitement.

On the other side of the conversation, Abhirup, a man of few words, realised how he has missed her for all these days.
For the first time.

Tapati wrapped herself in her shawl and started towards their veranda. She sat in her favourite corner, surrounded by aloes and ixora, their small verdant oasis,against the urban scape.

She watched Abhirup approach her, slightly faltering,with the kettle cozied by a cover she stitched a few years ago, two cups placed carefully side by side on the mat covering the hand-crafted wooden tray, their cherished possession from their last vacation to the land of pagodas.

A few un-combed grey hair, a mildly sticking belly and that limp bore some imprint of the years that have gone by, in an otherwise unchanged tall, slim gait, Tapati thought, notwithstanding her thinning hair line with some grey patches.
But those sharp and warm eyes still found its way into her heart.

And allowed her to be.

Tapati smiled. The scientist in Abhirup  never left him. Even after serving in non-scientific arena for the last 20 years, those precise hands ceased to fail.

Slightly wobbly with his arthritis raring it's ugly head, but careful to protect his pullover from spillage, Abhirup walked towards her with that smile, which filled Tapati with the warmth she build her life on.
" This may be last few sunny days we have before the cold season sets in, isn't it? We won't get this opportunity for the coming few months,
Do I get a shawl for you?"

Abhirup, careful with the threshold, stepped out into the veranda, mildly shaking his head.

He placed the tray on the wrought iron outdoor table.

And they sat, sipping into their morning habit, as one November dawn gave way to its last few tender mornings.

- Monoreena Acharjee Majumdar

# বিভাগ - সংক্ষিপ্ত রচনা

## ।। শুভম ।।

ব্যাধির প্রকোপে বিপর্য্যস্ত মানুষ ধীরে ধীরে শুভশক্তির কল্যাণে সামাজিক ও মানসিক স্থিতিশীলতায় উপনীত হতে পেরেছে। তাই আকাশে পেঁজা তুলোর মত ধবধবে সাদা মেঘ দেখে সকলেই উৎফুল্ল। শরতের সেই নির্মল আকাশ, মাটির সবুজ ঘাসের সোনালী রোদ মনকে আনমনা করে তোলে, দেখা দেয় এক চিরন্তন আনন্দক্ষণ। মা আসছেন - সপরিবারে আবির্ভূতা হচ্ছেন আমাদের মধ্যে। সর্ব্বভূতে বিরাজমানা বরদাত্রী মা, শিউলিঝরা শরতের আকাশে বাতাসে তাঁর আগমনীর সুর বেজে উঠেছে। সেই সুরে সুর মিলিয়ে সবাই নবোদ্যমে মেতে উঠেছে শারদোৎসবের আয়োজনে। এই উত্তরণে সকলের প্রতি শারদ শুভেচ্ছা জানাই। অন্তরের অন্তঃস্থল থেকে উৎসারিত ভালোবাসায় সমৃদ্ধ হোক মানুষের মন। শারদীয়ার প্রতিটি মুহূর্ত্ত শুভ হোক, সর্ব্বাঙ্গীণ আনন্দে পূর্ণ হোক।

দেবীপক্ষ ১৪২৮

শুভাকাঙ্ক্ষী

শ্রীমতী রমা দে

# বিভাগ - সংক্ষিপ্ত রচনা

## বর্তমান যুগে আমরা ও আধ্যাত্মিকতা

একবিংশ শতাব্দীতে মানুষ আজ অনেক উন্নত। সর্বদিকেই মানুষের অগাধ বিস্তার এবং বিভিন্ন ক্ষেত্রে নতুন আবিষ্কারে মানুষ আজ সাফল্যের শিখরে। বিশ্বব্যাপী মহামারী (Pandemic) থেকে আস্তে আস্তে বেরিয়ে জন জীবন ফিরছে নিজের চেনা ছন্দে। এই ফেরার পিছনেও মানুষ, বিজ্ঞান এবং প্রযুক্তির অবদান।

আজকের দিনে, বিজ্ঞান এবং প্রযুক্তির ব্যাবহার মানুষের জীবনকে আনেক সহজ করেছে, জীবন যাত্রার মানকে করেছে অনেক উন্নত।

অপরদিকে, দেখতে গেলে বেড়েছে মানুষের মনে অবসাদ, বিষণ্ণতা, একাকীত্বও। আমাদের আশে পাশে এত কিছু, নিজেদের এত প্রাপ্তি তার পরেও কি কারণে মানুষ অন্তর থেকে ভাল নেই – এই প্রশ্নটা মনে বাস্তবিকই আসে।

জাগতিক (Material) প্রাপ্তি আমাদের যত বেশী হচ্ছে আমরা কোথাও মনের যত্ন নেওয়া , মনের ভাল চর্চা করা থেকে সরে যাচ্ছি, যার ফলে খুব সামান্য কারণেই মনে দুর্বলতা আসে, মন বিচলিত হয়ে ওঠে।

ভারতবর্ষ আধ্যাত্মিকতার (Spirituality) দেশ, চিরকালই আধ্যাত্মিক চেতনা সম্পন্ন মহামানবেরা এই দেশে জন্মেছেন এবং মানুষকে ভাল থাকার পথ দেখিয়ে দিয়েছেন।

আধুনিকতা, বিজ্ঞান চর্চা, প্রযুক্তির সঠিক ব্যাবহার করে সব কিছুকে নিয়ে অন্তর থেকে ভাল থাকতে হলে একমাত্র পথ আধ্যাত্মিকতা - যে পথে চলে মন সব কিছু করেও নির্লিপ্ত থাকতে পারবে – সব কিছুর মধ্যে balance টা করতে পারলে জীবনটা সুন্দর হবে।

আমরা প্রত্যেকেই চাই ভাল থাকতে। আর ভাল থাকতে হলে আধ্যাত্মিকতাই একমাত্র পথ – যা বহুযুগ ধরে ভারতীয় সাধকেরা বলে গেছেন এবং বিশ্বব্যাপী বহু মানুষ সেই পথকে অনুসরন করছেন। ভারতবর্ষ বিশ্বের উন্নত দেশের তুলনাই কিছু ক্ষেত্রে খানিকটা পিছিয়ে থাকলেও, আধ্যাত্মিতার দিক থেকে সারাবিশ্বের সম্রাট।
আমাদের জন্মভূমির এই অমুল্য সম্পদ যা যুগ যুগ ধরে মানুষকে ভালো থাকার শিক্ষা দিয়ে আসছে, আজকের পৃথিবীতে সেটার চর্চা আরও আনেক বেশী গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। আধ্যাত্বিকতা একটা চলার পথ, একটা জীবন যাত্রার নাম। পরবর্তী প্রজন্মের পৃথিবীকে সুন্দর করতে হলে আমাদের জীবনে নামিয়ে আনতে হবে এই জীবন চর্চা, চলতে হবে আধ্যাত্মিক পথে।

- সঙ্গীতা দত্তচৌধুরী

Bengali Association of Bromley

# বিভাগ - সংক্ষিপ্ত রচনা

## দুর্গা পূজা 2019 - ফিরে দেখা?
লেখক – ডা: আবীর ব্যানার্জী

"বাজল তোমার আলোর বেণু" ছোটবেলা থেকেই
মহালয়ার সুরে এই গানটা শুনে মনটা ব্যাকুল হয়ে পড়ত।দিন গুনতাম এই পুজো শুরু হলো বলে।

নীল আকাশে পেঁজা তুলোর মতো মেঘ আর কাশফুল জানান দিতো পুজার আগমনী।
বড় হওয়ার সাথে সাথে জীবনে অনেক কিছু বদলে গেছে কিন্তু বাঙালির চিরকালীন পুজোর অনির্বচনীয় আনন্দ একই থেকে গেছে।
মফস্বলে বড় হওয়া আর কোলকাতার কলেজে পড়াশুনা করা আমি এখন কর্মসূত্রে লন্ডন নিবাসী। সেখানেই পরিচয় "আন্তরিক গ্রুপ"এর সাথে। শুরুতেই মনের মিল আর বাঙালি এক হলে পুজো নিয়ে কথা হবে না সেতো হতেই পারে না।ব্যাস সবাই মিলে সাহস করে আগের বছর ২০১৯এ আন্তরিক গ্রুপ থেকে শুরু করা হলো আমাদের প্রথম দুর্গাপূজা।

দুর্গা পূজা করা মুখের কথা নয়। সমস্ত রীতিনীতি আচার মেনে ৪দিন ধরে ঠিক করতে পারব কিনা সেই চিন্তা তো শুরু থেকেই মনে ছিল।তার উপর সঠিক স্থান নির্বাচন, বাচ্ছা বুড়ো সবাই মিলে পুজোর আনন্দে মাততে পারব।
কোলকাতা থেকে ঠাকুর আনা,পুজোর উপাচার সামগ্রী আনা,পুরোহিত মশাই খোঁজা নেহাতই সহজ কথা নয়।
সমস্ত দ্বিধা দ্বন্দ কাটিয়ে পূর্ণ উদ্যমে সাপ্তাহিক আলোচনা শুরু হলো,নানারকম উদ্ভাবনী চিন্তা উঠে এলো।আর সত্যি, আমরা প্রথম পুজোর জন্য পেয়ে গেলাম উপযুক্ত স্থান।

"Elmstead wood station"এর কাছে Chieselhurst sports club.ঘন সবুজের মাঝে সুন্দর আধুনিক ব্যবসথা।ব্যাস আর কি! সবাই মিলে লেগে পড়লাম পুজোর কাজে।কোলকাতা থেকে ঠাকুর আর পুজোর উপকরন চলে এলো পুজোর একমাস আগেই।তারপর শুরু হলো মনডপ সাজানোর পরিকল্পনা। কোলকাতার শিল্পী র নিখুঁত তুলিতে ফুটে উঠা মুখমন্ডলী আর আমাদের অক্লান্ত পরিশ্রমে অপূর্ব সুন্দর মনডপ রচিত হলো।মায়ের মূর্তি স্থাপনের পর নিজেরাই নিজেদের পিঠচাপরে বললাম ভাগ্যিস পিছিয়ে যাইনি।

এরপর একসাথে পুজোর অঞ্জলি, সাংস্কৃতিক অনুষ্ঠান, রান্না বান্না,জনসমাগম, কচিকাঁচাদের দৌড়াদৌড়ি সব মিলিয়ে মনে হচ্ছিল যেন নিজের পাড়ার মনডপে বসে আছি। বিশ্বাস ই হচ্ছিল না আমরাও পারি প্রথম পুজো এত সুন্দর ভাবে পরিচালনা করতে।


Antarik Bengali Association of Bromley

দেখতে দেখতে পুজোর দিনগুলো কেটে গেল আর আমরাও পরের বারের জন্য আরও ভালো ভাবে করার প্রতিশ্রুতি শুরু করলাম।

অতিমারি এর লড়াই এক সময় শেষ হোলো I পরিস্থিতি এখন অনেকটাই নিয়ন্ত্রণে. জানা জীবন ফিরে আসছে নিজের ছন্দে I. তাই পুজোই বা বাকি থাকে কেন? নতুন উদ্যম নিয়ে তাই আবার হতে চলেছে পুজো অর্পিংটন এর Chelsfield Village Hall এ I সবাই মিলে আসুন আর যোগ দিন বাঙালির শ্রেষ্ঠ উৎসবে. পুজোর দিনগুলো একসাথে আবার আনন্দমুখর হোয়ে উঠুক I

# বিভাগ – ছোট গল্প

## অপারেশন  আপসাইলন

লেখক - শুভায়ন বসু

২০২০ সালের পনেরোই জানুয়ারি। নরওয়ের অসলো বিমানবন্দরের এয়ার ট্রাফিক কন্ট্রোলারদের একেবারে হিমসিম খাওয়ার অবস্থা। একের পর এক নামছে নানা দেশ থেকে আসা ফ্লাইটগুলো। বাছা বাছা পৃথিবী বিখ্যাত সব মানুষদের সর্বসম্মতিক্রমে ডেকে আনা হয়েছে সেখানে। গোটা পৃথিবীতে, মহামারি ভাইরাসের চারটে মাত্র ভ্যাকসিনই এখনও পর্যন্ত তিনটি ট্রায়ালে উত্তীর্ণ হতে পেরেছে। এবার তাদের চূড়ান্ত ক্লিনিক্যাল ট্রায়ালটিই হবে এই পনেরো দিন ধরে। এর ঠিক পরেই ঘোষণা করা হবে সফলতম ভ্যাকসিনটির নাম এবং তার পরেই বাণিজ্যিকভাবে তা তৈরী ও বিক্রিও শুরু হয়ে যাবে পৃথিবীময়। তাই সারা পৃথিবীর নজর এখন অসলোর দিকে।
আসার সঙ্গে সঙ্গে, স্টাডি গ্রুপ অনুযায়ী এসকর্ট করে মানুষগুলোকে নিয়ে গিয়ে, বিমানবন্দরের লাউঞ্জেই তৈরি একটা অস্থায়ী ক্লিনিকে ঢুকিয়ে দেওয়া হল। সেখানে তাদের ভালভাবে স্যানিটাইজ করে, প্রয়োজনীয় টেষ্ট করে, তারপর ভ্যাকসিনেশন পর্বও সারা হয়ে গেল। তারপর দ্রুত তাদের ঢুকিয়ে দেওয়া হল, লাউঞ্জেরই আলাদা আলাদা চারটে বিশাল এয়ার কন্ডিশনড ঘরে, প্রতি ঘরে দশ জন করে। আলাদা ঘর ,আলাদা ভ্যাকসিন। বিলাসবহুল সেই সব ঘর থেকে তাদের কাউকে বের হতে দেওয়া হবে না আগামী পনেরো দিন। প্রতি ঘরে লুকোনো রয়েছে ক্যামেরা এবং মাইক্রোফোন। প্রতি মুহূর্তে নজর রাখা হবে তাদের শারীরিক অবস্থা, কথাবার্তা, চালচলন সবকিছুর উপর। আলাদা একটা কন্ট্রোল রুমও লুকোনো রয়েছে ওই লাউঞ্জের ভেতরেই, যেখানে অপারেটররা সর্বক্ষণ তাদের ভিডিও এবং অডিও রেকর্ডিং করে চলবে।
প্রথম ঘরে রয়েছেন পৃথিবী বিখ্যাত সব বিজ্ঞানীরা, নানা দেশের, নানা বয়সের, নারী-পুরুষ মিলিয়ে। দ্বিতীয় ঘরটাতে রয়েছেন দুনিয়ার প্রথম শ্রেণীর সমস্ত পর্নস্টারেরা। তৃতীয় ঘরটাতে পৃথিবী-বিখ্যাত সব কবিরা, আর চতুর্থ ঘরটাতে সেরকম নামকরা কেউ নেই, শুধু বেশ কিছু পাঁড় মাতালদের এনে ঢুকিয়ে দেওয়া হয়েছে। সেই সব মাতাল আর নেশাড়ুদেরও অবশ্য ধরে আনা হয়েছে পৃথিবী বিখ্যাত সব শুঁড়িখানার লিস্ট ধরে ধরে। সবার জন্যই থাকছে এলাহি খাওয়া-দাওয়া আর সমস্ত আধুনিক সুযোগ সুবিধার ব্যবস্থা। শুধু শর্ত একটাই, ঘর ছেড়ে বেরোনো যাবে না এই ক'দিন। ঐ ঘরের মধ্যেই থাকা-খাওয়া-ঘুম। আর দুটো ব্যাপার, তাদের যে গোপনে ছবি তোলা হচ্ছে আর কথা রেকর্ড করা হচ্ছে, সেটা তারা জানবে না; আর তাদের কাছে কোন মোবাইল ফোনও থাকবে না। ফলে ঘরের বাইরের জগতের সঙ্গে তারা কোন ভাবেই কোন যোগাযোগ করতে পারবে না। অবশ্য টিভি বা রেডিও সবই আছে ঘরগুলোতে, কিন্তু বাইরের কোন লোকের সংস্পর্শে তারা এই ক'দিনে আসতে পারবে না। খাবার, জল, ওষুধপত্র, নিত্য-প্রয়োজনীয় জিনিসপত্র তাদের প্রয়োজনমতো স্বয়ংক্রিয় পদ্ধতিতে জোগান দেওয়া হবে। এমনকি সময় সময় স্বাস্থ্য পরীক্ষাও করা হবে স্বয়ংক্রিয় ভাবে।
অপারেশন আপসাইলন শুরু হয়ে গেল। প্রথম ঘরটাতে যেসব বিজ্ঞানীরা রয়েছেন, ভ্যাকসিনের ডোজ পেয়ে যাওয়ায় তারা বেশ ফুর্তিতে ছিলেন।
'কী রে পিটার, অ্যাকসেপ্টেন্স দিয়ে দিলি?', ড্রয়িং স্পেসের কাউচে বসে, প্রৌঢ় ডঃ ম্যাকমিলান জানতে চাইলেন।
'দেব না? বিজ্ঞানের উন্নতিতে এটুকু তো বিজ্ঞানী হিসেবে আমাদের কর্তব্য, না কী? তাছাড়া তিনটে স্টেজই তো উতরে গেছে সবগুলো। ভয় কীসের?', হেসে বলেন ডঃ পিটার অ্যাসপেক্ট।
'বেশ করেছিস। তা তোর কাজকর্ম কেমন চলছে?'
'আর চলা! এই লকডাউনে সব দাঁড়িয়ে পড়েছে।'

'দাঁড়িয়ে পড়ল? কাকে দেখে রে?'
'ওহ্, তুমি না! এই বয়সে পারোও বটে।'
'আরে এসবের কি আর বয়স আছে?'
'তা বটে। আচ্ছা, তোমার এয়ার পকেট নিয়ে রিসার্চের কী হল?'
'ছাড় তো। রিসার্চ নয়, এখন চাই রিচার্জ। ঘরবন্দি থেকে থেকে পাগল পাগল অবস্থা হয়েছে। আচ্ছা, ওই যে গোলাপী স্কার্টের মেয়েটা গেল, ওটা কে রে? চিনিস নাকি?', প্রফেসরের চোখ চারদিকে ঘুরছে।
'ও তো মলিকুলার বায়োলজির টিমোথি।'
'যেই হোক, একঘর কিন্তু, কী বলিস? এয়ারপকেট এফেক্টে স্কার্টটা একটু উড়লেই...'
'ওফ্, তুমি তো একেবারে ফিদা হয়ে গেছ দেখছি।'
'লড়িয়ে দেব নাকি? হ্যাঁ রে, স্ট্যাটিস্টিকস কত হবে বল তো? দেখেই তো জিভে জল আসছে।'
'অত জানি না।'
'তো কী জানিস? পুরো টেসলা কয়েল রে মালটা।'
'আরে ম্যাকমিলান, অ্যাসপেক্ট, তোমরা কী নিয়ে এত আলোচনা করছ?', ডঃ অ্যান্থনি এসে ধপ করে কাউচের একদিকে বসে পড়েন।
'এই একটু মিল্কশেক খাবার ইচ্ছে হয়েছে আর কী!', ম্যাকমিলান হেসে বলেন। দুজনে অনেকদিনকার চেনা জানা।
'তা খাও না। কে বারণ করেছে? আর কেমিস্ট্রী ম্যানের কী খবর?', অ্যান্থনি ডঃ অ্যাসপেক্টের দিকে তাকিয়ে, জিজ্ঞেস করেন।
'ওর রিঅ্যাকশন দাঁড়িয়ে গেছে, ক্যাটালিস্ট চাই।', ম্যাকমিলান চোখ মেরে ফুট কাটেন।
'এর মধ্যেই? ছ্যা ছ্যা।', অ্যান্থনি মজাটায় ইন্ধন দেন।
'দেখা যাবে আসল জায়গায়, তোমার দম আমার জানা আছে। সব তো আর তোমার অ্যাস্ট্রোফিজিক্স নয়।', ম্যাকমিলানকে রেগে বলেন অ্যাসপেক্ট।
'কী বললি? চ্যালেঞ্জ করছিস আমার সঙ্গে? তাহলে, হয়ে যাক বাজি। কাকে বল? ঐ গোলাপী স্কার্ট টিমোথি  না ঐ ন্যানোটেকনোলজির মারিয়া? এখনও..' , ম্যাকমিলান তখন ফুটছেন। গলাটাও চড়ছে। ওপাশের বিলিয়ার্ড টেবিল থেকে দু'একজন তাকিয়েও দেখলেন।
'আরে তোমরা ঝগড়া করছ কেন? পটাতে পারলে পটাও না, কে বারণ করেছে? এখানে তো আর কোভিডের ভয় নেই।', অ্যান্থনি ওদের থামান।
'সেইজন্যই তো। এবার বুড়ো হাড়ে ভেল্কি দেখাব। দেখতে চাস, পিটার?', ম্যাকমিলান ছাড়বার পাত্র নন। লকডাউনে বন্দি থেকে থেকে, অনেকদিন পর অবশেষে প্রাণভরে আনন্দ করতে পারছেন।
'থাক, আমার দেখে আর কাজ নেই। যা পারো করোগে।',  অ্যাসপেক্ট স্পষ্টতই বিব্রত।
'আরে আস্তে, শেষে শুনে ফেলবে তোমাদের সব কথাবার্তা।',  ঠোঁটে আঙুল রেখে বলেন অ্যান্থনি।
'শুনুক গে। সতী নাকি? মারিয়ার দুবার অ্যাবোর্শন হয়ে গেছে, সেটা জান?', চাপা স্বরে বলেন ম্যাকমিলান।
'তাই নাকি? তুমি কী করে জানলে?', অ্যান্থনি অবাক।
'বাজারে কান পাতলে, সব জানা যায়। এ কি আর তোমাদের প্রজেক্ট ম্যানিকুইন নাকি?', ম্যাকমিলান ব্যঙ্গ করেন। তারপর রিমোটের কফি লেখা বাটনটা পুশ করে দেন। একটু বাদেই অটোমেটিক ফুডচ্যানেলে ধোঁয়া ওঠা কফির কাপ এসে হাজির হবে।
'আর কার কার সম্পর্কে কী কী জান বল তো? ওইদিকে ওই সোনালী চুলের সুন্দরীকে কিন্তু আমারও পছন্দ।', অ্যান্থনি বলেই ফেলেন।
'অ্যান্থনি, তুমিও? ও তো রেডিওলজির মিস গেলার। খুব ভাল মেয়ে।', অ্যাসপেক্ট বলেন। দেখাই যাচ্ছে, দুজনে খুব বাড় বেড়েছেন।
'ভাল মেয়ে! আমি তো শুনলাম, ওর অগ্রপশ্চাৎ ডবল ডেরিভেটিভ স্যাটিসফাই করে, সেটা জানিস?', ম্যাকমিলান লাগামছাড়া।


Bengali Association of Bromley

'সে কী গো? চেহারাটা কিন্তু সো কিটি। তুমি আবার এদিকে নজর দিও না যেন, এটাকে কিন্তু আমার চাই।', অ্যান্থনি মেজাজে বলেন।
'চেষ্টা করো, তবে ও কিন্তু পুরো বিগ ব্যাং। তোমার ছোট ইউনিভার্স ওর ভেতর কোথায় হারিয়ে যাবে।', ম্যাকমিলান আবার অ্যান্থনির পেছনে লাগেন।
'বাজে বোকো না তো ম্যাক। ছোট, তুমি জানলে কী করে?', অ্যান্থনি রেগে যান।
'হা হা, দেখব কার কত দম।', বলে কফির কাপটা আনতে যান ম্যাকমিলান। পাশের ফুডচ্যানেলে তখন গ্রিন লাইট জ্বলে উঠেছে।
'কী আর দেখবে,অ্যাঁ? তোমাকেই বরং ও পুরো ফ্যাগোসাইটোসিস করে নেবে। হাঃ হাঃ।', অ্যান্থনিও মজা করতে ছাড়েন না।
'তবে বেট হোক। এই ঘরের কোন্ মাগীকে তুলতে হবে?', ম্যাকমিলান এবার সিরিয়াস।
'হুঃ, এ আবার একটা কথা হল? ও তো আমার বাঁ হাতের খেল, হোক বেট।', অ্যান্থনিও তালে তাল দিয়ে বলেন।
'ঠিক আছে তাহলে। যে পারবে, তাকে অন্যজন পেন্টহাউজ পর্ন ম্যাগাজিনের এক বছরের সাবস্ক্রিপশন গিফ্ট করবে। কি, রাজি?', কাউচে বসে, কফিতে আয়েস করে চুমুক দিয়ে ম্যাকমিলান ওপেন চ্যালেঞ্জ ছুঁড়ে দেন।
'রাজি মানে, এক পায়ে রাজি।', প্রস্তাবটা দুষ্টু হেসে লুফে নেন অ্যান্থনিও।
'কী গো, তোমরা আবার কী নিয়ে বেট লড়ছ? আমিও একটু শুনি।', বিলিয়ার্ড খেলা শেষ করে, কাছে এসে জানতে চাইলেন বয়স্ক নিউরোসায়েন্টিস্ট ডঃ উইলসন। এতক্ষণ আড়ে আড়ে তিনি মুখরোচক কথাবার্তাগুলো শোনার চেষ্টা করছিলেন।
'আরে তেমন কিছু না। আমপনি বুঝবেন না। এই এলএইচসিতে সূক্ষ্ম ব্ল্যাকহোল জন্মাবে কিনা এইসব নিয়ে।', মুচকি হেসে বলেন ম্যাকমিলান।

দ্বিতীয় ঘরটাতে, যেখানে পৃথিবীর নামকরা সব পর্নস্টারদের রাখা হয়েছিল, ভাবা হয়েছিল তারা বোধহয় যৌনতা নিয়েই দিনগুলো কাটিয়ে দেবে, দেখা গেল আসলে ঠিক তার উল্টো।
'কী রে রোজি, এখানে তো সবাই ভিড় করেছে দেখছি। ভয় করছে না?', জ্যানেট বলে।
'হা হা, ভয় করবে কেন? কোভিডে এতদিন যখন মরিনি, আর মরবও না। ভ্যাকসিন নিলাম তো।', রোজ নিশ্চিন্তমনে বলে।
'আরে সেকথা নয়। টজারগুলো অতদিন ভুখা থাকতে পারবে তো?' দুজনে হাত ধরাধরি করে মিনি বারের স্টুলে উঠে বসে।
'ও, তাই বল। হা হা, তুই কি ভাবছিস এখানেই গ্যাংব্যাং, বিডিএসএম বা বুকাকে হয়ে যাবে?', রোজ হাসতে হাসতে একটা বিয়ারক্যান খুলে বলে।
'চুপ কর তো। ওসব কথা আর ভাল লাগেনা, টায়ার্ড লাগে।'
'যা বলেছিস। হ্যাঁ রে, এখানে তো নতুনই বেশি, তাই না?
'তাই তো দেখছি।'
'এই শোন, কোণের ঐ সাদা শার্ট পরা ছেলেটাকে দেখ, কী হ্যান্ডসাম।'
'ও তো ইভান, তোর মত অ্যামেচার করে না।', জ্যানেটও একটা ডায়েট কোকের ক্যানে চুমুক দিতে দিতে বলে।
'আরে সাধে কী আর অ্যামেচার করি? কী রকম কম্পিটিশন, জানিস তো! তারপর বিগ হাউজগুলোর প্রোডাকশন করোনার জন্য এখন পুরো বন্ধ। ইন্ডাস্ট্রীই প্রায় ধ্বসে গেছে।'
'সেই তো। কতবার আর কোভিড টেস্ট করাব? তারপর আজকাল আবার নতুন নতুন সব এগ্রিমেন্ট, নতুন নতুন অ্যাডেড স্টেজ!'
'ছাড় তো। হ্যাঁ রে, হ্যান্ডুটার নাম ইভান? এনগেজড?'
'জানিনা রে। কথা বলে দেখব?'
'কী সুন্দর গভীর দুটো চোখ, না রে?'

'এই চুপ, চুপ। তোকে দেখছে।'
'এ মা, কী ভাবল বল দেখি!'
'কী আবার ভাববে? দাঁড়া, আমি আলাপ করিয়ে দিচ্ছি। এই ইভান, এদিকে একটু এসো তো!'
'হাই মিল্ফ, এনি প্রবলেম?', ইভান এগিয়ে আসে।
'বিগ প্রবলেম। তুমি কি এনগেজড?', জ্যানেট জানতে চায়।
'না তো, কেন বলতো? কেউ কি জানতে চাইছিল?', ইভান রোজির দিকে তাকাল।
'আলাপ করিয়ে দিই, রোজ কার্টার। তোমার সঙ্গে আলাদা করে কথা বলতে চায়।' , জ্যানেট হেসে বলে।
'এই ছি ছি। কী বলছিস যা তা। আমি কি তোকে তাই বলেছি?', রোজ চাপা গলায় হিস হিস করে ওঠে।
'বলিসনি! এই যে বললি, "কী গভীর চোখ"।', জ্যানেট হাটে হাঁড়ি ভেঙে দেয়।
'চুপ কর।' , রোজ চাপা স্বরে বলে।
'চুপ করবে কেন, রোজ? আমি কি দেখতে খারাপ?', মুচকি হেসে ইভান বলে।
'না না, তা হবে কেন?', রোজ ভীষণ লজ্জা পায়।
'তাহলে চলো না, ওদিকে গিয়ে আলাদা করে কথা বলি। কতদিন আর সোশ্যাল ডিস্টেন্সিং মেনে চলবে?', ইভান উৎসাহী হয়ে বলে। ওরা দুজনে কথা বলতে বলতে অ্যাকোরিয়ামের দিকে এগিয়ে যায়।
'আসি রে জ্যান।' , বলে যায় রোজ। জ্যানেট হাত তুলে থাম্বস আপ দেখায়।
'কী রে জ্যান, এখানেও ঘটকালি করছিস?' ওরা চলে যেতেই  এগিয়ে আসে ক্রিস্টিনা। স্টুলের ওপর চেপে বসে।
'হা হা। আই জাস্ ওয়ানা বি পার্ট অব ইয়োর সিম্ফনি..', জ্যানেট গুনগুন করে গেয়ে ওঠে।
'বাবা খুব তো ফুর্তি দেখছি। আবার গানও ধরেছিস।'
'জানিস, বন্ডেজ থেকে ছাড়া পেলেই ফিলিপের সঙ্গে বিয়েটা সেরে নেব ভাবছি। শুধু প্যান্ডেমিকের জন্য পোস্টপন্ড হয়ে আছে।'
'তাই নাকি? তাই দেখছি ক'দিন ধরে দুজনে এত ফুসুর ফুসুর। হ্যাঁ রে, ফেসিয়াল না ক্রিমপাই?'
'ইস, এত বাজে বকিস না!'
'ওহ সরি, তা বিয়েতে আমাদেরও বলবি তো?'
'আরে তোদের বলব না! তুই , রোজি, জ্যাকলিন তোদের সবার নেমন্তন্ন। এরপর তো সব খুলেও যাবে শুনছি।'
'দারুণ। তা তোদের এনগেজমেন্ট কবে হল রে? জানতে পারিনি তো?'
'আরে না না, এই তো ক'দিনেই হল সব। জাস্ট ভাবতেই পারছি না। জানিস, ফিলিপের ফার্মহাউসেই অনুষ্ঠানটা হবে।'
'ও তাই? কনগ্রাচুলেশন্স, জ্যান।'
'থ্যাংক ইউ। উফ্, আমি না এখন উড়ছি আনন্দে। ইস্, কবে যে বের হতে পারব এখান থেকে।'
'যা বলেছিস। তা বিয়ে করবি তো মরতে ঢুকলি কেন এখানে? কন্সেন্ট ফর্মে সই করার সময় মনে ছিল না?'
'মনে থাকবে না কেন? আসলে ফিলিপকে ক'দিন এত কাছে পাব তো, তাই রাজি হয়ে গেলাম। বাইরে থাকলে তো লকডাউনে মিট করতেই পারতাম না।'
'ঐ তো ফিলিপ এসে গেছে। বাবা, তোকে ছাড়া থাকতেই পারে না একটুও, কী প্রেম!', ক্রিস্টিনা আওয়াজ দেয় দুজনকে শুনিয়ে।
'হাই ক্রিস্টিনা। জ্যান সব বলে দিয়েছে, না?', ফিলিপ হেসে বলে। সদ্য স্নান করে আসায় ওকে দারুন ফ্রেশ দেখাচ্ছে।
'হুঁ, কনগ্রাচুলেশন্স ফিলিপ।', ক্রিস্টিনা হাত বাড়িয়ে দেয়।
'থ্যাংকস', আলতো শেক করে বলে ফিলিপ। ওর চোখে তখন নতুন জীবনের স্বপ্ন।
'বাবা এখনো মনে পড়ে। একবার চোখে জল এসে গিয়েছিল।' , সাদাসাপটা ক্রিস্টিনা না বলে আর থাকতে পারে না।
'আবার ওসব কথা! বলেছি না, এখন আর এসব বলবি না, আমার শুনতে ভাল লাগে না।', রেগে বলে জ্যানেট।

'ও সরি, সরি। আচ্ছা বলব না। তাছাড়া তোরা এখন এনগেজড কাপল। ভুলে গিয়েছিলাম রে।' , ক্রিস্টিনা অপ্রস্তুতে পড়ে যায়।
'ইটস ওকে। এই জানিস, বিয়ের পরে আমাদের হানিমুন কোথায়?', জ্যানেট উৎসাহভরে বলে।
'কোথায় রে, পর্ণভ্যালি?', ফুট কাটে ক্রিস্টিনা।
'ধ্যাৎ, সুইজারল্যান্ড। এবার তো ফ্লাইটও চালু হয়ে যাবে শুনছি।'
'ওয়াও'

তিন নম্বর ঘরে, যেখানে রাখা হয়েছিল পৃথিবীর বিখ্যাত সব কবিদের, তারা প্রেম বা কবিতার ধার ধারেননি এই ক'দিন। তারা ছিলেন একেবারে ফুরফুরে মেজাজে।
'ওফ, এতদিনে একটু শান্তি পেলাম, কী বলিস মিক?', রিচার্ড মদের গেলাস থেকে চুমুক দিতে দিতে বলেন।
'একদম। তাছাড়া মোবাইল নেই বলে অন্তত পাবলিশার, মিডিয়া আর ফ্যানদের থেকে মুক্তি কটা দিন।', মাইকেল কাউচে শরীরটা এলিয়ে দিয়ে বলেন।
'আমারও, তবে বউয়ের থেকে।', হাসতে হাসতে বলেন রিচার্ড। 'ভাগ্যিস এরকম একটা ভাল সুযোগ পেলাম।'
'তা নতুন কবিতার লাইন মাথায় আসছে নাকি রিচি? তাহলে দেরী না করে লিখে ফেলো দিকি।'
'খেপেছিস? এখন কবিতা? এখন তো খালি নেশা আর মস্তির সময়। কিন্তু এরা কিছুতেই বেশি মদ খেতে দিচ্ছে না। বলছে রেস্ট্রিকশন আছে।'
'সব টার্ম কন্ডিশন দেখেই তো সই করেছিলে, বাবা। এখন আর বলে কী হবে? তবে সাইডএফেক্ট হয় হোক। মরি তো মরব, শালা মদ খেয়েই মরব, বিন্দাস।', নতুন পেগ বানাতে বানাতে বলেন মাইকেল বার্নার্ড।
'যা বলেছিস। আমাকেই দেখ না। রোজ সকালে ব্রেকফাস্ট করেই শুরু করে দিচ্ছি। যারা খায় না, তাদের কোটা থেকেও ঝাড়ছি।'
'তাছাড়া আবার কী? আমার তো এখন বেন জনসনের "টু সিলিয়া" মনে পড়ে যাচ্ছে।'
'আচ্ছা দেখেছিস, মার্থা আর রবিন্স কেমন মদ খেয়ে বেহেড হয়ে গেছে।'
'শুধু মদ নয়, ওরা আড়ালে গাঁজাটাজাও টেনেছে মনে হয়।'
'এসবও এখানে পাওয়া যাচ্ছে নাকি? তাই বাথরুমে ওরকম বিকট গন্ধ!'
'আরে যা চাইবে, সব পাবে। এরা না দিলেই বা কী? তোমার লাগবে?'
'ওই একটু টেস্ট করে দেখতাম আর কী। ইচ্ছে ছিল অনেকদিন ধরে। শুনেছি নিলে নাকি উড়ছি বলে মনে হয়।'
'তা তো হয়ই। তা চাও নাকি উড়তে?'
'সে আর বলতে? কবে থেকে তো লকডাউন আর কোয়ারান্টাইনে ঘরে বন্দি। তার ওপর পাবলিশিং হাউসগুলো প্রায় লাটে উঠে যেতে বসেছে। নতুন প্রোজেক্টে কেউ রিস্ক নিচ্ছে না। মনটাও ভীষণ খারাপ, প্রায় ডিপ্রেশনে। এইসময় উড়তে কে না চায়, বল?'
'দাঁড়াও, দেখছি। গুড মর্নিং মিঃ নেলসন, একটু এদিকে শুনবেন প্লিজ?', মাইকেল পাশের সোফায় বসে টিভি দেখতে ব্যস্ত নেলসনকে ডাকেন।
'আরে কে উড়তে চাইছে, মিক? শেষে বেরিম্যান হবে নাকি?', নেলসন সিগারে টান দিতে দিতে, ওদের পাশে এসে বসেন। বোঝা গেল, তিনি ঠারে ঠারে ওদের সব কথা শুনেছেন।
'বলছি কী, একটা পুরিয়া জোগাড় করে দিতে পারেন? আপনার কাছে তো শুনেছি...' , মাইকেল ইতস্তত করে বলেন।
'দিতে পারি মিক। তবে কথা দিতে হবে আমাকে নিয়ে আর বুলিয়িং করে লিখবে না।' , নেলসন এবারে বাগে পেয়েছেন পুরোনো প্রতিদ্বন্দ্বীকে।
'কথা দিলাম। আর তাছাড়া, এখন আর এইসব ইঁদুরদৌড়, লবিবাজি আর পেইড রিভিউ টিভিউ ভাল লাগে না, বুঝলেন।'
'তাহলে বুকে এসো। আজ থেকে আর কোন রেষারেষি নেই।', নেলসন উঠে দাঁড়িয়ে, সিগারটা ঠোঁটে চেপে, দু'হাত বাড়িয়ে দেন।

'বুকে আসুন। এই এসো না রিচি। এখন তো আর সোশ্যাল হতে বাধা নেই। সবার তো করোনা টেস্ট নেগেটিভ, আর ভ্যাকসিনও নিয়ে নিয়েছি।' , মাইকেল নিশ্চিন্তে এগিয়ে আসেন।
'একদম। পুরোনো ঝগড়াঝাঁটি ভুলে আজ থেকে আমরা শুধুই বন্ধু।', রিচার্ড বলেন। তারপর সবাই সবাইকে জড়িয়ে ধরেন। হাতে ধরা মদের গ্লাস থেকে দামী মদ চলকে পড়ে।
'আরে, তোমরা কী এত মাতলামো করছ তিনজনে? আমাকেও তোমাদের দলে নাও না প্লিজ।', মিসেস বেইলি দেখতে পেয়ে এসে যোগ দেন।
'মাতলামো ছাড়া আর আমরা কী পারি ম্যাডাম? আমরা তো আর আপনার মত বেস্টসেলার লিখতে পারি না! তাই মদ খেয়ে দুঃখটা একটু সেলিব্রেট করছিলাম আর কী।', রিচার্ড কাষ্ঠহাসি হেসে বলেন।
'আরে কীসের বেস্টসেলার? এই বাজারে কোন বিক্রিই নেই। তাছাড়া এইসব কম্পিটিশন, রয়্যালটির ঝগড়াঝাঁটি আর ভাল লাগে না, বুঝলেন?', মিসেস বেইলি লজ্জিত হয়ে বলেন।
'আরে আপনিও এই কথা বলছেন?', নেলসন অবাক।
'হ্যাঁ, এই দৌড়োদৌড়ি আর কতদিন? ক'দিন আগেই তো কোভিডে মরতে বসেছিলাম। সময়ে হসপিটালে ভর্তি হতে পেরেছিলাম বলে, কোনরকমে এ যাত্রা বেঁচে গেলাম। চোখের সামনে কত যে মানুষ এ ক'দিনে চলে গেল! কিছু করতে পারলাম?'
'যা বলেছেন।', নেলসন সিগারে টান দিয়ে, একটা ধোঁয়ার রিং ওপরে ছুঁড়ে দিয়ে বলেন।
'তাই এবার থেকে শুধু নিজের জন্য বাঁচব। মনে হয়, নিজের জন্য কিছু লিখি, নিজের থেকে লিখি। পারিনা, জানেন? মনে হয় অর্ডারী লেখা লিখতে লিখতে নিজস্ব সবকিছু শেষ হয়ে গেছে।', মিসেস বেইলি ধীরে ধীরে বলেন। তার বুক থেকে বেরিয়ে আসছিল এক অব্যক্ত যন্ত্রণা।
'আরে ভেঙে পড়ছেন কেন? দেখছেন না, আমরা নেশা করে কেমন ফুর্তি টুর্তি করছি। আপনিও করুন না। এখন না বাঁচলে আর কবে বাঁচবেন? ইয়টসের সেই লাইনটা মনে আছে তো, "ওয়াইন কামস ইন অ্যাট দ্য মাউথ...', নেলসন হাসতে হাসতে বলেন। তারপর মিউজিক সিস্টেমটা চালু করে দেন।
'ঠিকই বলেছেন। আমারও কিছু বন্ধু চাই, আমি বড্ড একা। কতদিন মাস্ক খুলে হাসিনি, কথা বলিনি। আজ তাই মন খুলে শুধু আড্ডা মারব।', মিসেস বেইলি বলেন।
'আর প্রেম? কবিতা? সেসবের কী হবে?', নেলসন সিগারটা অ্যাশট্রেতে ফেলে দিয়ে জানতে চান।
'প্রেম বলে আর আমার কিছু অবশিষ্ট নেই, মিঃ নেলসন। সব ধোঁকা।', মিসেস বেইলি যেন কেঁদেই ফেলবেন।
'সে কী?'
'হ্যাঁ, চুলোয় যাক প্রেম। চুলোয় যাক কবিতা।', মিসেস বেইলি রেগেমেগে বলেন। সেন্টার টেবিল থেকে একটা ম্যাগাজিন হাতে নিয়ে, পরক্ষণেই বিরক্তিতে ছুঁড়ে ফেলে দেন।
'শুধু বেঁচে থাক "ফ্ল্যাভিসিং ওয়াইন"। আর বেঁচে থাক ব্রাউন সুগার। কী, নেবে নাকি রিচি?', নেলসন বলেন।
'নেব, নেব। আজ শুধু বাঁচব। মাস্ক, ফেস শিল্ড, গ্লাভস ছুঁড়ে ফেলে দিয়ে, সত্যিকারের বাঁচব।', এক চুমুকে বাকি পেগটা শেষ করে, রিচার্ড টলতে টলতে বলেন। তার দু'চোখ তখন নেশায় লাল।
'চলো, তবে আরেক দফা হয়ে যাক।', মাইকেলও খুশি হয়ে বলেন, দুজনেরই নেশায় তুরীয় অবস্থা।
'অত খাবেন না মিঃ এরিকসন।', মিসেস বেইলি অনুনয় করেন। দুজনের মধ্যে ক'দিন আগে পর্যন্ত ভীষণ রেষারেষি ছিল।
'আরে ধুর, থামুন তো। এই নিন, আপনিও বাঁচুন এবার যত খুশি।', ওয়াইনের বোতল এগিয়ে দিয়ে বলেন রিচার্ড এরিকসন।
'থ্যাংক ইউ মাই ফ্রেন্ড।', মিসেস বেইলি বোতল থেকেই চুমুক দিতে শুরু করেন।

চতুর্থ ঘরের নেশাড়ুদের অবস্থা সবচেয়ে বিস্ময়জনক। কম পরিমাণে হলেও, তাদের দেওয়া হয়েছিল সব নামী দামী মদ, একেবারে বিনামূল্যে। কিন্তু আশ্চর্যের বিষয়, সেসব তারা বলতে গেলে ছোঁয়ইনি। বরং তাদের মনে ছিল ভীষণ উদ্বেগ আর উৎকণ্ঠা।

'কী রে কলিন, ঘুম কেমন হল?', কলিনের বিছানার পাশে এসে টিম রিচার্ডস জিজ্ঞেস করে।
'দারুন, যা নরম বিছানা। বুঝলি টিম, এতদিন বোতল বোতল মদ খেলাম, সিগারেট টানলাম, মারিজুয়ানা নিলাম, তবু ঘুম এল না। আর আজ এখানে এরকম অনিশ্চিত ভবিষ্যৎ, মৃত্যু বা বন্দিত্ব যে কোনটা আসতে পারে জেনেও কেমন নিশ্চিন্তে ঘুমাতে পারছি। অদ্ভুত না?', খবরের কাগজটা ভাঁজ করে বেডসাইড টেবিলে রেখে দিয়ে, খাটে বসে বসেই কলিন বলে ওঠে।
'তো কন্সেন্ট দিলি কেন? বেঘোরে মরবি বলে?', টিম একটা চেয়ার টেনে নিয়ে বসে পড়ে।
'কী করব! তখন অতশত তলিয়ে দেখিনি। তাছাড়া ওরকম আনলিমিটেড ওয়াইনের লোভ ছাড়া যায়! তুই বল, প্যান্ডেমিকে বার-পাবে কী রেস্ট্রিকশনটাই না ছিল! কতদিন খেতেই পাইনি।'
' তাছাড়া ভ্যাকসিনটা তিনটে ট্রায়ালেই যখন পাস করে গেছে, তাহলে আর ভয় কী?'
'সে তো ঠিক আছে। কিন্তু এখন শুনছি এই ঘরে নাকি ভাইরাস ছেড়ে রেখেছে। ভ্যাকসিন কেমন কাজ করে, আমাদের গিনিপিগ বানিয়ে সেটা পরীক্ষা করে দেখবে বলে। সেই শুনেই তো মদ-টদ সব মাথায় উঠল। এখন ভাবছি, ভলেন্টিয়ার না হলেই ভাল করতাম রে।'
'ভয় পাস না। আগেও তো আমরা মরব জেনে, শুধু নেশা করার জন্যই মদ খেতাম। এত লোক কোভিডে মরল, তুই বল, মাতাল কটা মরেছে?'
'যা বলেছিস। তবে, এবার আমাদের হ্যাপি আওয়ার। আহা, ওয়ার্ক ফ্রম হোম হবার আগে কেন যে জীবনটাকে ভালভাবে উপভোগ করে নিইনি।'
'আমারও বড় আফসোস হচ্ছে রে। শেষে মরার সময়ে এই সত্যি কথাটা মাথায় এল! আরো ক'দিন আগে কেন যে বুঝিনি?'
'জানিস, যদি বেঁচে থাকি, আর এই বন্দিদশা থেকে বের হতে পারি, বুঝব ভগবান আমাদের আরও ভাল কিছু করার সুযোগ দিলেন। সেই নতুন জীবনকে তখন আর ব্যর্থ হতে দেব না।'
'আরে তোমাদের কী নিয়ে এত গভীর আলোচনা চলছে গো?', মিঃ বেস্ট শুনতে পেয়ে পাশের আর একটা খালি চেয়ারে এসে বসলেন।
'এই মদ খেয়ে জীবনে কত ভুল করেছি, সেইসব নিয়ে।', কলিন টুথব্রাশে মাজন লাগাতে লাগাতে বলে। এবার ও টয়লেটে যাবে ফ্রেশ হতে।
'ভুল তো বটেই। মনে হয়, হুইস্কির ফোঁটাগুলো সব যেন লেগটিয়ার্স নয়, চোখের জল হয়ে বেরিয়ে আসছে।' টিম আফসোস করে।
'আসবেই তো। আগে মনে হত দুঃখে মদ খাই, আনন্দে মদ খাই। কিন্তু আজ মনে হচ্ছে দুঃখ আর আনন্দ হাত ধরাধরি করে এই বিশাল জগৎ সাঁতরে পার হতে জানে।',  হ্যারিসন বেস্ট আস্তে আস্তে বলেন। এই মহামারীতে তিনি নিজের স্ত্রীকে হারিয়েছেন, মাত্র কিছুদিন আগে।
'এ আপনি কী বলছেন?', টিম অবাক। সে সোসিওলজীর ভাল ছাত্র ছিল। কবিতা লিখত, একটা ব্যান্ডও ছিল। কিন্তু প্রেমিকা ধোঁকা দেবার পর থেকেই আস্তে আস্তে মদ-গাঁজায় আসক্ত হয়ে পড়ে।
'বলব না! মনে পড়ছে, কত রাতে মদের ঘোরে বাড়ি ফিরিনি, পাবক্রল করেছি, তারপর রাস্তায়, নর্দমায় পড়ে বেহুঁশ হয়ে থেকেছি। এখন মনে হয় সেই সব রাতগুলো যদি লেকের ধারে বসে, চারপাশে জ্যোৎস্নার ভেসে যাওয়া দেখতাম! ঘাসের বিছানায় শুয়ে যদি আকাশের নক্ষত্ররাশী দেখতাম!', বেস্ট যেন কবি হয়ে গেছেন।
'তাহলে কি আমাদের জীবনটা ফল্টি আর ওয়েস্টেড হয়ে গেছে, বলতে চান?' ,টিম জানতে চায়।
'তা কেন হবে? শুধু ডাইমেনশনটা পাল্টাতে হবে। ফোর্থ আর ফিফথ ডাইমেনশন পাল্টে গেলে পুরোনো জীবনকে ফিরে পাওয়া যায়।', বেস্ট যেন তখন বিজ্ঞানী। অনেকেই বলে, মানুষটার অনেকদূর পড়াশোনা। কিন্তু মদ ছাড়া একটা দিনও থাকতে পারেন না।
'বলেন কী? এখনো তাহলে লাস্ট কলের সময় হয়নি?'
'বলছি তো। আশা ছেড়ো না। শুধু দুনিয়াটাকে দেখতে শেখো।'
'কী দেখব বলুন তো? বাঁচব ক'দিন তার ঠিক আছে?'

'তা বলে কি দেখবে না? মানুষ হয়ে জন্মেছি কী জন্য?'
'মানুষ! ছ্যা ছ্যা। ভগবান আমাদের কত দুর্বল করে তৈরি করেছেন, বলুন তো! ছোট্ট একটা করোনা ভাইরাসের কাছে আমরা একেবারে অসহায়। অথচ আমরা ভাবি আমরা বুঝি সর্বশক্তিমান।'
'কিন্তু আমাদের যে মন আছে। তাই তো আমরা সবার থেকে আলাদা, আমরা দুনিয়া বদলাতে পারি।'
'তা হয়ত পারি। কিন্তু তা কার জন্য? ভালর জন্য?'
'আলবাত। পৃথিবীর ভালর জন্য।'
'কিন্তু প্রকৃত ভালটা আসলে কী, মিঃ বেস্ট?', টিম স্পষ্টতই কনফিউজড।
'শেষ পর্যন্ত বেঁচে থাকা। এই কোভিড মহামারী মানুষ জয় করবেই, দেখে নিও। এটাই তো ভগবানের লীলাখেলা।'
'লীলাখেলা আর থাকছে কই? সবটাই তো হ্যাংওভার। চাকরি-ব্যবসা সব লাটে উঠেছে, ইকোনমি ধ্বসে গেছে, রোজকার একেবারে বন্ধ। সব ভুলেভালে-তালেগোলে চলেছে।'
'ভগবানে ভরসা রাখো। তিনি আগে থেকেই সব ক্লু লওজ ঠিক করে রেখেছেন। শুনেছি, একশোটা হাইড্রোজেন বোমা ফাটালে গোটা পৃথিবীই ধ্বংস হয়ে যাবে। অথচ সূর্যে প্রতি সেকেন্ডে কত লক্ষ হাইড্রোজেন বোমার বিস্ফোরণ হচ্ছে, কিন্তু তার আঁচ তো পৃথিবীতে এসে পৌঁছচ্ছে না!'
'ইটস জাস্ট বাই এ চান্স।'
'না গো। আমার তো মনে হয়, কে যেন রহস্যময়ভাবে অনেক ম্যাথমেটিক্স কষে, আমাদের বাঁচিয়ে রেখেছে। সবকিছু এক শান্তিপূর্ণ সহাবস্থানের দিকে এগিয়ে চলেছে। এমনকি ভাইরাসটাও।', বেস্ট কোন এক উপলব্ধির কথা বলতে চান।
'আমি অত বিজ্ঞান ফিজ্ঞান বুঝি না, ভগবানও মানি না। মরব জেনেও ভ্যাকসিনের ট্রায়ালে রাজি হয়েছি, এখানে এসে থেকে মদ জুয়া সব ছেড়ে দিয়েছি। আজ আমারও মনে হয় সব ম্যাথমেটিক্সই আসলে এথিক্স।', কলিন এতক্ষণে মুখ ধুয়ে এসে বলে। ওদের সব কথাই ওর কানে গেছে।
'ঠিক কথা।', বাকি দুজনও সহমত হয়।

অবশেষে পনেরো দিনের সমস্ত পরীক্ষা নিরীক্ষা সারা হল। সকলের সমস্ত রিপোর্ট দেখে, শেষে বন্দি মানুষগুলোকে সসম্মানে, আবার যার যার নিজের দেশে ফেরত পাঠিয়ে দেওয়া হল। কিন্তু কথোপকথনের রেকর্ডিংগুলো ভাল ভাবে বারবার দেখে-শুনে অপারেশন আপসাইলনের কর্মকর্তারা একেবারে তাজ্জব হয়ে গেলেন। খুব অদ্ভুত সব তথ্য বেরিয়ে এল ওদের এই প্রোজেক্ট থেকে।
বিজ্ঞানীরা বিজ্ঞান বা উচ্চতর দর্শন নিয়ে খুব একটা নয়, বরং যৌনতা নিয়েই বেশি উৎসাহী ছিলেন। বিজ্ঞানের তর্ক-বিতর্ক দূরে সরিয়ে রেখে, নিজেদের যৌন আকাঙ্ক্ষা মেটানোই ছিল তাদের মাথাব্যথা। পর্নস্টাররা দেখা গেল উল্টো। যৌনতা নিয়ে তারা ছিল বেশ তিতিবিরক্ত। প্রকৃত প্রেমই হল তাদের মতে জীবনের সবচেয়ে বড় পাওয়া, যা তারা কখনও পায়নি। তাই তারা ওই ক'দিনের পরিসরেই বেছে নিতে চেয়েছে পছন্দের মানুষটিকে। কবিরা দেখা গেল, প্রকাশনার চাপ, লবিবাজী আর খ্যাতির ইঁদুরদৌড় নিয়ে ভীষণ রকম বীতশ্রদ্ধ। তারা এই ক'দিন একটু হাঁফ ছেড়ে বাঁচতে চেয়েছেন। নিজেদের মত করে জীবনটা নেশা করে আর আড্ডা মেরে কাটিয়ে দিয়েছেন, খুশিতে উড়তে চেয়েছেন। যেদিন পরীক্ষা শেষ হল, দেখা গেল যে, তাদের অনেকেই এত বেশি নেশা করেছেন, যে সোজা হয়ে হাঁটা তো দূরস্থান, নিজেদের নাম ঠিকানা পর্যন্ত ঠিকঠাক বলতে পারছেন না। অথচ যাদের আসলে নেশায় ডুবে থাকার কথা, সেই সব মাতালরা নেশা করা নিয়ে নিজেদের ভুল বুঝতে পেরে, এক নতুন জীবনের সন্ধানে ভেসে গিয়েছিল। তারা বিভিন্ন তত্ত্বকথা নিয়ে আলোচনা করছিল, যার মধ্যে উচ্চতর বিজ্ঞান আর দার্শনিক উপলব্ধিই ছিল বেশি। ছাড়া পেয়ে সবচেয়ে বেশি খুশি হয়েছিল তারাই। পুনর্জন্ম পাবার আনন্দে খোলা প্রকৃতির মাঝে দাঁড়িয়ে, তাদের কেউ কেউ নাচছিল, কেউ গান গাইছিল, কেউ বা খুশিতে পাগল হয়ে, প্রিয়জনদের ফোন করে আনন্দে কেঁদে ফেলেছিল। এরকম অদ্ভুত একটা রিপোর্ট সামনে আসায়, অপারেশন আপসাইলনের কর্তারা পুরোপুরি হতবুদ্ধি হয়ে পড়লেন। ভ্যাকসিনের সাইড এফেক্টে, মানুষের চরিত্র বদলে যাচ্ছে নাকি? এরকমটা তো হবার কথা নয়! অন্তত প্রথম তিনটে ক্লিনিক্যাল ট্রায়ালে এরকম কোন আভাস পাওয়া যায়নি। তখন অবশ্য এভাবে স্টাডি গ্রুপগুলোর কথোপকথন

পরীক্ষা করে দেখা হয়নি। তাছাড়া এদের শরীরে অ্যান্টিবডি তৈরীতেও কোন মিল নেই। সুতরাং কিছু মেলাতে না পেরে, ওরা শেষ পর্যন্ত পুরো পরীক্ষাটাকেই বাতিল বলে ঘোষণা করে দিলেন। যুক্তি দেওয়া হল এই যে, কোন ভ্যাকসিনের সাফল্য শুধু তার গুণাগুণের ওপর নয়, যাকে দেওয়া হচ্ছে তার চারিত্রিক ধরন আর মানসিক গভীরতার ওপরও নির্ভর করে।

তারা ঠিক করলেন, পরীক্ষাটা আরো একবার করা দরকার, তবে একটু অন্যভাবে। এবারের পরীক্ষায় আলাদা চার ধরনের মানুষকে নিলেও, তাদের মিলিয়ে মিশিয়ে চারটে ঘরে রাখা হবে। বাকি সব নিয়ম অবশ্য একই থাকবে। এবারে নিয়ে আসা হল বিখ্যাত সব ধর্মগুরুদের, নামী খেলোয়াড়দের, সারা পৃথিবীর দুঁদে সব রাজনীতিকদের এবং মৃত্যুদন্ডপ্রাপ্ত অপরাধীদের।

সেই পরীক্ষা চলছে, এখনো শেষ হয়নি। তবে তার ফলাফল শিগগিরই প্রকাশ হল বলে।

শুভায়ন বসু

জন্ম ১০ ই নভেম্বর ১৯৭৩ , কলকাতায় ।

বাবা রঞ্জিত কুমার বসু ,মা সর্বাণী বসু ।

জন্ম ও বেড়ে ওঠা কলকাতায়। কর্মসূত্রে বর্তমান ঠিকানা দুর্গাপুর, পশ্চিম বর্ধমান। মেটালার্জিকাল ইঞ্জিনিয়ারিং , মার্কেটিং ম্যানেজমেন্টে এম বি এ করে, বর্তমানে রাষ্ট্রায়ত্ত সংস্থার অফিসার। অবসরে গান শোনা আর বই পড়া। বাবার ও নিজের তিরিশ হাজার বইয়ের সংগ্রহটি দেখবার মত। গল্প, কবিতা, উপন্যাস ও রম্যরচনা প্রচুর লেখা হয়ে গেছে। অসংখ্য পত্রপত্রিকায় সেসব ছাপা হয়। পেয়েছেন প্রচুর সাহিত্য পুরস্কারও।

লেখকের প্রকাশিত বই:-

হলুদ পাখি নীল পালক(উপন্যাস)

বিপরীত বর্ণমালা(ছোটগল্প ও রম্যরচনা)

ফুল ফুটবে বলে একদিন(কাব্যগ্রন্থ)

ক্যালাইডোস্কোপ(অণুগল্পের ই-বুক)

# বিভাগ – ছোট গল্প

## রচনার নাম-অমলের পি-মা -

## লেখক –বিমান দত্ত

অমলকে জন্ম দিয়ে তার মা শয্যাশায়ী হয়।চিকিৎসক অমলের মায়ের রোগ নির্ণয় করতে অক্ষম হলেন এবং রোগ বাঁকা পথ ধরল।অবশেষে চিকিৎসকের পরামর্শে, অমলের মায়ের দিনে-রাতে পরিচর্যার জন্য, ট্রেন্ড আয়া রাখা হল।আর বিভিন্ন রকমের ওষুধ ও নানা রকমের পথ্যের বিধান দিয়ে চিকিৎসক তার কর্তব্য সমাপন করেন।
সর্বোপরি চিকিৎসকের পরামর্শে, সদ্যজাত শিশুকে সর্বক্ষণের জন্য তার জন্ম দাত্রী থেকে দূরে রাখতে হল!
অগত্যা শিশু অমলকে, মায়ের অসুস্থতার কারনে,মাতৃ-স্নেহ রস হতে, বঞ্চিত হতে হল।
অমলের ভাগ্যে মায়ের বিকল্পে,চব্বিশ ঘন্টার জন্য এক আয়া জুটলো।মায়ের দুধের বিকল্পে, ভগবান সিং এর গোয়ালের গরুর দুধ আর মায়ের স্নেহ ভরা স্তনের বিকল্পে, ষ্টীলের ঝিনুক আর ষ্টীলের বাটি জুটল।
এই ব্যবস্থায় অবশ্য ঐ দুগ্ধ-পোষ্য শিশুটির কিছু যায়-আসে নি। খিদে পেলে কাঁদত,কান্না পেলে কাঁদত,হাসি পেলে হাত-পা ছুড়ে হাঁসত,পেট কামড়ালে হাত-পা ছুড়ে কাঁদত।
তারপর এক সময়, আঙুল চুষতে-চুষতে ঘুমিয়ে পড়ত। মাঝে-মাঝে ঘুমের মধ্যে খিল-খিল করে হাসত, কখনও ফুঁপিয়ে কাঁদত।
শিশু-অমলের, চব্বিশ-ঘন্টার জন্য রাখা আয়া,সকাল বেলা অমলের বাবা-তপন সরকার দোকানে বেরিয়ে যাওয়ার পর,বাড়ির মেজো-গিন্নি,ছোট-গিন্নির ফরমায়েশ খাটতে লেগে পড়ত।অবশ্য এতে আয়ার কোন দোষ ছিলোনা!?তাকে এ-কুল;ও-কুল,দুকুল রেখে তো চলতে হবে!নইলে চাকরী টা থাকবে কি করে?!
সকালে বাড়ি থেকে বড় কর্তার, দোকানের উদ্দেশ্য বেরিয়ে যাওয়ার পর অমলের আ্যার সাথে বাড়ির মেজো-বৌ আর ছোট-বৌয়ের একটা অলিখিত চুক্তি ছিলো।আর সেটা ছিল ,বড়-কর্তার অনুপস্থিতিতে, মেজো আর ছোট বৌয়ের ফাই-ফরমায়েস খাঁটা।
তরি-তরকারী কুটে দেওয়া,মেজো-গিন্নি যদি তার বাসি কাপড় ধুতে আদেশ দিত তো ছোট-গিন্নি তার শোওয়ার ঘরটি ঝাড়ু-পোছা করার নির্দেশ দিত,ইত্যাদি।
মেজো-গিন্নী,ছোট-গিন্নীর,-অমলের আয়ার ওপর এই অলখিত ফাই-ফরমায়েসের বহর টা এতো বড় ছিল,যে অমলের আয়া,অমলের অস্তিত্ব প্রায়ই ভুলে যেত।ভুলে যেত একটি দুগ্ধ পোষ্য শিশু ক্ষুদার তাড়নায় কান্না জুরে দিয়েছে।
শিশু-অমলটাও কোন কম্মের নয়।কান্নার সময়,কোথায় বাড়ি মাথায় তুলে কাঁদবে,তা না, মিন-মিন করে কাঁদবে।
আরে!মিন-মিন করে কাঁদলে কি চিঁড়ে ভেজে?!প্রতিবাদ করতে হলে,চেঁচাতে হয়।এটি একটি চিরন্তন সত্য কথা।
বাচ্চা যদি না কাঁদে,মা তাকে দুধ দেয় না,তবে তুই কি করে আশা করিস তোর আয়া তোকে দুধ খাওয়াবে? তোর কান্না চুপ করাতে তোকে কোলে নিয়ে ঘুরে বেড়াবে !তোর কান্না তো তোর মা ও শুনতে পায়না!

---------

তপন সরকারের,বড় রাস্তার মোড়ে একটা বড় ষ্টেশনারীর দোকান।
বাবার অকাল মৃত্যুতে,ছোট দুই ভাই আর মাকে নিয়ে তপন বিব্রত হয়ে পড়েছিলো।তপনের বয়স তখন বছর তেইশ।।
তপন,পার্টির এক কর্মঠ কর্মী ছিলো এবং পার্টির সিনিয়রদের বিশেষ আস্থা ভাজন পাত্র। ফলে তপনের পিতার মৃত্যুতে,তপনকে স্ব-নির্ভর করার জন্য পার্টির তরফ থেকে, আজকের এই দোকান-ঘরের জমিটুকু তপনকে দেওয়া হয়েছিলো।
উদয়-অস্ত পরিশ্রম করে,তপন তার ছোট দুই ভাইকে পড়িয়ে-লিখিয়ে মানুষ করে,সাথে-সাথে তার দোকানটিকেও বড় করে তোলে।



Bengali Association of Bromley

ঘরে বৌয়ের মুখ না দেখে মা মরতে পারেনা।তাই রোজ ঘরে অশান্তি হত। ছেলে খেঁটে-খুঁটে ঘরে ঢোকার পর মায়ের কান্না শুরু হয়ে যেত,-“তপু-বাবা বিয়েটা করে ফেল।বৌয়ের মুখ না দেখে,আমিতো মরেও শান্তি পাবনা।”
তপন মাকে বোঝাত,-“মা,আমি এখন বিয়ে করতে পারব না।আমার এখনও অনেক কাজ বাকি।
তুমি বরং মেজোর বিয়ে দিয়ে দাও।মেজো তো এখন সরকারী চাকরি করছে,ভালই মায়না পায়।”
অগত্যা মায়ের ইচ্ছে পূর্ণ করতে,একদিন এক পাত্রী দেখে,তাকে পছন্দ করে মেজোর সাথে বিয়ে দেওয়া হল।
কিছু সময় পর,ছোট ভাই ও চাকরী পেয়ে,বিয়ে করে সংসার পেতে নিলো।

==================

তপনের একটা স্বপ্ন ছিল।একটা নিজেদের বসত বাড়ি হবে।ভারা করা ফ্ল্যাট বাড়িতে স্বতন্ত্রতার অভাব বুঝতে পারে,ফ্ল্যাট বাড়িতে মাথার উপর খোলা ছাদ নেই,পায়ের নিচে মাটি নেই।
তপন স্বপ্ন দেখে,তাদের ছোট্ট এক টুকরো জমি হবে,তাতে একটা ছোট্ট বাসা-বাড়ি।মাথার উপর খোলা ছাদ থাকবে আর থাকবে একটা ফল ও ফুলের বাগান।
সেই বাড়িতে তপন তার ভাইদের এবং ভবিষ্যতে ভাইদের সংসারী করে তাদের পরিবারের সকলকে নিয়ে এক সাথে থাকবে।
অবশেষে তপন তার বর্তমান দোকানের অনতিদূরে এক টুকরো জমি কিনে তাতে একটি গৃহ নির্মান করে।তারপর এক শুভ দিন দেখে মা-ভাইদের সংসারের সকলকে নিয়ে নতুন গৃহে প্রবেশ করে।

======================

অবিবাহিত তপনের বয়স তখন চল্লিশ ছুঁই-ছুই,একদিন তপন দোকান থেকে বাড়ি ফিরে এসে শোনে,মা অন্ন-জল ত্যাগ করেছে।
মেজোর বৌ বলে,-“মার যে কি হল,কিছুই বুঝতে পারছিনা !সকালের জল-খাবার দেখি টেবিলে পরে আছে।দুপুরের খাবার নিয়ে মাকে ডেকে বললাম,-“মা খাবার টা খেয়ে নাও।সকাল থেকে তুমি কিছুই খাওনি।এ ভাবে না খেয়ে থাকলে শরীর খারাপ করবে।মা তো কোন কথা বলছে না।”
তপন,মেজো-মেজোর বৌ,ছোট-ছোটর বৌ কে নিয়ে, মার ঘরে যায় আর মায়ের অন্ন-জল ত্যাগ করার কারনটা জানতে চায় ।
মা, জানায়,তপনকে কথা দিতে হবে,এক মাসের তপনকে বিয়ের পিঁড়িতে বসতে হবে,তবেই অন্ন-জল গ্রহন করবে নচেৎ নয়।
অগত্যা তপনকে বিয়ের পিঁড়িতে বসতে হল।
তপনের বিয়ের বছর দুয়েক পরে,পুত্র-সন্তান অমল এলো কিন্ত সন্তানের জন্ম দিয়ে,অমলের মা শয্যাশায়ী হয়ে পড়ে।

------------

শিশু অমলকে, আয়া কোলে করে তার মায়ের কাছে রোজ নিয়ে যেত,মায়ের আত্ম তুষ্টির জন্য।
ছোট্ট অমল শূন্য-দৃষ্টিতে মাকে দেখত,তারপর এক সময় আয়ার কোলে চড়ে নিজের ঘরে ফিরে আসত।
একটি শিশুর জন্মাবার পরক্ষণ থেকে তার লালন-পালনের ভার,তার মায়ের উপর বর্তায়। প্রতি-মূহুর্তে তার জন্মদাত্রীকে সজাগ থাকতে হয়,কখন তার সন্তানের কিসের প্রয়োজন।
অমলের মন্দ কপাল।মায়ের কোল তো জুটলো না কিন্তু ধাত্রী-পান্নার মত ধাত্রীও জুটলো না।জুটলো এক আয়া।
হেলা-ফেলায় অমেলর শৈশব টা কাটতে লাগল।অমল কথা বলতে শিখলো না।শেষ-মেষ অমলকে,সবাই বোবা বলে ডকতে শুরু করল।
আগে অমল বলে ডাকলে,মাথা ঘুরিয়ে প্রশ্ন-কর্তার দিকে এক-মুখ গাল ভরা হাসি নিয়ে তাকিয়ে দেখত,আর এখন বোবা বলে ডাকলেও,আপন মনে খেলায় মত্ত অমল,মাথা ঘুরিয়ে আকর্ণ-বিস্তৃত হাসি দিয়ে প্রশ্ন-কর্তার দিক তাকায়।
মাঝে-মধ্যে,সুযোগ পেলে অমল হামাগুড়ি দিয়ে তার মার ঘরের বন্ধ-দড়জার সামনে এসে,-“আঁ-আঁ”,শব্দ করত আর তার আয়া, শিশু অমলের আওয়াজ শুনে দৌড়ে এসে অমলকে তার ঘরে ফিরিয়ে নিয়ে যেত।
অমল যখন দুই বছরের শিশু,তার মা পৃথিবীর মায়া কাটিয়ে পরলোকে পাড়ি দেয়।
শেষ যাত্রার জন্য অমলের মায়ের মরদেহ মেঝেতে শায়িত।মাথার সিঁথিতে সিঁদুর দিয়ে, ফুল-মালা দিয়ে সাজানো।

শিশু অমল, বাবার কোলে চড়ে, তার মাকে শেষ বারের মত দেখা দেখে, আর মাঝে-মাঝে মাকে হাত দেখিয়ে কিছু বলার চেষ্টা করে।
অমল কি বলতে চায়,তা এক মাত্র অমলই জানে, আর তার স্বর্গবাসী মায়ের আত্মাই জানে।

-------------

তারিনীর, স্বামীর মৃত্যুর পর, শ্বশুর বাড়ির আশ্রয় টুকু চলে যায়। এই দুর্দিনে আশ্রয় হীনা তারিনী তার পিতৃ গৃহে আশ্রয়ের আশায় আসে।তারিনীর মন্দ কপাল,দাদা-বৌদির সংসারে আশ্রয় জোটে না।জুটলো দাদা-বৌদির খোঁটা আর বাঁকা-বাঁকা
কথা।
তপ্ত রোদে,ক্ষুদায়-তৃষ্ণায় কাতর তারিনী তার পিতৃ গৃহে যখন পৌছয়, তখন সূর্য দেব মধ্য গগনে বিচরন করছিলো।
পিতার গৃহ তখন তারিনী কাছে,নামে মাত্রেই পিতৃ গৃহ ছিল।পিতা-মাতার মৃত্যুর পর ঐ গৃহ তার দাদার।বিনা আজ্ঞায়,তারিনীর সেই গৃহে প্রবেশাধিকার ছিলো না।
দরজায় কড়া নারার শব্দে,তারিনীর বৌদি,দরজা খুলে তারিনীকে সামনে দেখে বলে ওঠে,-"এই ভর-দুপুরে কি কেউ কোন গেরস্তের বাড়ি আসে?তোমার আক্কেল টা তো বেশ!
আসবে যখন,জানিয়ে তো আসবে না কি!এরকম হুট-হাট করে আসা আমি একদম পছন্দ করি না।"
তারিনী তার দুর্ভাগ্যের কথা শুনিয়ে,বৌদির কাছে আশ্রয় ভিক্ষা করে।তারিনীর বৌদি বলে ওঠে,-"এই মাগ্গি-গন্ডার দিনে আমাদের নূন আনতে পান্তা ফুরোয়,আর তুমি কিনা আশ্রয় চাইছো!"
তারিনী কাতর স্বরে বলেছিল,-"তোমাদের ঘরে তো কাজের লোকের দরকার।না হয় আমি তোমাদের ঘরের যাবতীয় কাজ করে দেব,তোমরা দয়া করে একটু খানি মাথা গোঁজার ঠাঁই দাও।"
বৌদি বলেছিল,-"এতদিনের বিশ্বাসী কাজের গরীব মেয়েটাকে ছাড়িয়ে,তোমাকে রাখব?
কেন ঠাকুরঝি?তুমিতো খুব স্বার্থপর!
একটা গরীব কাজের মেয়েকে কাজ থেকে ছাড়ালে তার সংসার কি করে চলবে,সেটা ভেবে দেখেছো কি?"
কিছু সময় পর,তারিনীর দাদা গৃহে প্রবেশ করে,সদ্য-বিধবা বোন তারিনীর সব বৃত্তান্ত শুনে তারিনীকে বলে,
-"দ্যাখ বোন তোর বিয়ে দেওয়ার পর আমাদের দায়ীত্ব শেষ হয়ে গেছে।এখন তোর শ্বশুরবাড়ি যদি তাদের দায়ীত্ব পালন না করে তাতে আমরা কি করতে পারি বল তো?আমার তো আর কুবেরের ধন নেই, যে দানছত্র খুলে বসব, যে এসে হাত পাতবে, তাকে দান-খয়রাত করব!
তুই বরং একটা কাজ কর, সেজো মামার ছেলে তপনদার কাছে চলে যা।বৌদি কিছু দিন হল গত হয়েছে।শুনেছি তার,দুই বৎসরের এক পুত্র সন্তান আছে।তার সন্তানকে দেখা-শোনার জন্য,তপনদা কোন মেয়ে-মানুষ খুঁজছে।
এই কাগজ টাতে তপন দার ঠিকানা লিখে দিলুম।দেখ যদি তপনদার ছেলেটাকে দেখার জন্য,তোকে রেখে দেয়।"-এই বলে তারিনীর দাদা,তারিনীর হাতে ঠিকানা লেখা কাগজ খানা তুলে দিয়ে বলে,-"যা,তাড়া-তাড়ি বেরিয়ে পড়,অনেক বেলা হল।"
তারিনীর মন্দ-কপাল,দাদা-বৌদির গৃহে আশ্রয় তো জুটলো না,এক মুঠো ভাতও জুটলো না !
অবশেষে,ক্ষুদায়-তৃষ্ণায় কাতর,তারিনী ঠিকানা দেখে খুঁজে পেতে ,একে-ওকে জিজ্ঞাসা করে তপনের গৃহে এসে পৌছয়।
তপনের এমনিতেই দয়া-মায়ার শরীর,আশ্রয় হীনা বিধবা পিসতুতো বোনের দুর্ভাগ্য জনক বৃত্তান্ত শুনে,তার মন দুঃখে ভরে যায়।
কিছুক্ষণ মৌন থেকে একসময় বলে,-"বোন আমার,তুই আমার বাসায় আমার বোনের মর্যাদায় থাক,তোর যতদিন খুশি।আমার বাসার সকলে খুব খুশী হবে,তোক পেলে। তোর এখানে কোন কষ্ট হবেনা।"
কথায় কথায় তপন যেন কোথায় হারিয়ে যায়,তারপর এক সময় তারিনী কে বলে,-"বুঝলি বোন,তোর তপনদারও আজ খুব বিপদ।শুনেছিশ নিশ্চয়ই তোর বৌদি কিছুদিন হল চিরকালের জন্য এই সংসার ছেড়ে চলে গেছে।
অমল আমার ছেলে,সবে দুই বছর বয়স হল।

তোর বৌদি অমলের জন্ম থেকে শয্যাশায়ী।এক আয়া সেই জন্ম থেকে অমলের দেখাশুনা করে।মার আদর কি অমল জানতে পারল না।দু-বছর হয়ে গেল,ছেলেটা না শিখল কথা বলতে,না শিখল ঠিক মত দাড়াতে।না পারে চেঁচাতে।সব সময় জুবু-থুবু হয়ে পড়ে থাকে,কাঁদতেও পারেনা।”

তারিনীর মন, তার তপনদার দুঃখের কথায়,ব্যাথায় ভরে গেলো।

তারিনী ভাবে ভগবান কেন ভাল লোকদের কষ্ট দেন।

সন্তানহীনা এক নারীর মধ্যেও এক মমতা ময়ী মা থাকে।মা-হারা,মাতৃ-স্নেহরসে বঞ্চিত,ছোট্ট শিশু-অমলের জন্য তারিনীর মাতৃ-হৃদয় কেঁদে ওঠে।নীরবে তারিনী অশ্রু বিসর্জন করতে থাকে।

এক সময় তপন,তারিনী কে কুন্ঠার সাথে অনুনয় করে,-“বোন,তুই আমার মা-হারা ছেলেটার ভার নিবি?আমি তোর কাছে চির-ঋণী হয়ে থাকব।”

“দাদা,আমার সৌভাগ্য তোমার মত দাদার আশ্রয় পেয়েছি।আর তোমার অমলকে আমি বুকে আগলে রাখব কথা দিলাম।”-তারিনী অশ্রু-সিক্ত কন্ঠে বলে।

তপন ছুটে পাশের ঘর থেকে ঘুমন্ত ছোট্ট অমলকে নিয়ে তারিনীর কোলে তুলে দেয়।

তপনের আজ আনন্দের সীমা নেই।অমল এক মা পেয়ে গেছে।

তারিনী ছোট্ট অমলকে কোলে নিয়ে,আনন্দে অশ্রু বিসর্জন করতে থাকে

======================

আজ অমলকে কেউ বোবা বলে ডাকে না।

তারিনী আজ অমলের পি-মা। ছোট্ট অমল পিসি-মা বলতে পারত ন,বলত পি-মা।

তারিনী আজ ,মেজো-ছোটর ছেলে-মেয়দের ও “পি-মা”।

তারিনীর স্নেহে-আদরে অমল আজ এক সুস্থ-সবল প্রতিভাবান বারো বৎসরের কিশোর।অমলের মায়ের অভাব তার পি-মা মিটিয়েছে।

-সমাপ্ত-

কলমে- বিমান দত্ত।
07/09/2020


Bengali Association of Bromley

# ভূমিজ

## লেখক – উদয়াদিত্য সোম

ভোর না হতেই মহারাজের বরকন্দাজ এসে নোটিশ লাগিয়ে দিয়ে গেল জঙ্গলে ঢোকার মুখে।

গাছগুলোর তো আর হেঁটে গিয়ে সে নোটিশ পড়ার উপায় নেই, বৃক্ষঠাকুর তো তাদের গেঁথে দিয়েছেন মাটির সঙ্গে, তবুও লতানে গাছ যারা ছিল কাছাকাছি, হেলেদুলে এঁকেবেঁকে পৌঁছে গেল নোটিশ বোর্ডের সামনে। ঠেকে ঠেকে, বানান করে, পড়েও ফেলল।

"জঙ্গলের সব গাছগাছালিদের জানানো হচ্ছে যে ওপারে জঙ্গলের গায়ে মস্তবড় উন্নয়নের কল বসানো হচ্ছে। এই কল মাটি থেকে জল, আর বাতাস থেকে অক্সিজেন টেনে নিয়ে উন্নয়ন তৈরি করবে। রাজবিজ্ঞানী জানিয়েছেন, এর ফলে ওদিকের সঙ্গে সঙ্গে এদিকের মাটিতে আর বাতাসেও জল আর অক্সিজেনের পরিমাণ কমে যাবে। এই সীমিত জল আর অক্সিজেন যাতে আমাদের গাছদের ভাগ্যে ঠিকঠাক জোটে, সেজন্য মহামান্য মহারাজ ঠিক করেছেন, সব গাছের চিহ্নিতকরণপ্রক্রিয়া শুরু করা হবে। যেসব গাছ বা গাছালি ওপার থেকে এসে বাসা বেঁধেছে আমাদের জঙ্গলে, তাদের ওপারে পাঠানো হবে। সকলের সহযোগিতা কাম্য।"

খবরটা জঙ্গলে ছড়িয়ে পড়ল পাখিদের মুখে মুখে, নদীর ঢেউয়ে ঢেউয়ে, বাতাসের শনশন শব্দে।

- এপারের গাছ আর ওপারের গাছ কি আলাদা, বড়দাদু? ছোট্ট ঝুমকোলতা শুধোল বৃদ্ধ বট'কে।

- জানিনা রে মা - কাঁপা গলায় জবাব দিলে বৃদ্ধ বট। চারদিকে ঝুরির মত ছেলেমেয়ে নাতিপুতি নিয়ে ভরভরন্ত সংসারের মধ্যমণি হয়ে বসে আছে সে, বুঝি পঞ্চাশ কি একশো বছর বয়স হবে তার, তবুও যেন কোথাও একটা পুরোনো অস্বস্তি চিনচিনে ব্যথা হয়ে জেগে উঠল তার চওড়া গুঁড়ির মধ্যে লুকিয়ে রাখা বুকে।

বটফল চিবিয়ে খেয়ে উগরে দেয় যে বাদুড়গুলো, তাদের ঝাঁক তো ওপার থেকেই আসত - আসে এখনও। তার নিজের গোষ্ঠীরও তো অন্য কেউ নেই এই জঙ্গলে! সেও কি তবে...?

সেদিন যেন রাত নামল অন্যদিনের চেয়ে তাড়াতাড়িই। কিন্তু জঙ্গল জেগে উঠল না অন্যদিনের মত। হরিণের ঝাঁক ঘাসের জমিতে ইতিউতি চরল বটে, কিন্তু ঘাসপাতা ছিঁড়ে মুখে তুলল না - আদর বুলিয়ে দিয়ে গেল পাতার গায়ে, গুঁড়িতে, তাদের খরখরে জিভ দিয়ে। খেয়ালও করল না, হেঁতালের আড়ালে গুঁড়ি মেরে ঘাসের সবুজে গা মিশিয়ে শুয়ে আছে দক্ষিণরায়।

আজ যেন দক্ষিণরায়েরও শিকারে মন নেই। গাছগুলোর পাতা তার রেশমি চামড়ায় হাত বুলিয়ে দিচ্ছে - অনেক ছোটবেলায় মা বুঝি চেটে আদর করে দিত এমনি করে। মানুষ দেখতে পেলে এমন করেই আড়াল করে লুকিয়ে রাখত পেটের নিচে... ঘাস থেকে ভাপ-মেশানো গন্ধটা যেন মায়ের গায়ের গন্ধকেই মনে করিয়ে দিচ্ছে! নাহ্ - আজ শিকারের ইচ্ছেটাই চলে গেছে বেবাক!

*

ভোররাত থেকে অন্য এক ব্যস্ততা শুরু হয়েছে জঙ্গলের ধারে।

রাতারাতি লোহার ঘর বসিয়ে ফেলেছে মানুষেরা। তার ভেতরে নানান কলকব্জা, যন্ত্রপাতি। প্রতিটি গাছের গায়ে লাগিয়ে দেওয়া হবে একটি নম্বর লেখা পাত, আর গাছের একটি পাতা, বাকলের একটি টুকরো কী ফুলের একটি পাপড়ি তুলে নিয়ে যাওয়া হবে লোহার ঘরে, যেখানে রাখা আছে ঠিকুজিকুলুজিযন্ত্র। সেই যন্ত্রের এক মুখে পাতা বা ফুলের পাপড়ি ঢুকিয়ে দিলেই সে গাছের ঠিকুজি কুলুজি সব বৃত্তান্ত বেরিয়ে আসবে অন্য মুখ দিয়ে। আর যদি সে গাছ ওপারের হয়, তাহলে সেই নম্বর লেখা পাতটি হয়ে যাবে নীল রঙের।

সারা সকাল চলল এই কাজ, আর দুপুরের পরে আর একটি যন্ত্র দেখা গেল আকাশে। মন্ত্রী নিজের হাতে বোতাম টিপে ওড়ালেন তাকে। সাংবাদিকরা লিখলেন - উৎপাটনযন্ত্র।

উড়ন্ত চাকির মত এই যন্ত্র থেকে নেমে এল শ'য়ে শ'য়ে সাপের মত ধাতব আঁকশি। চেপে ধরল এক একটি নীল পাত লাগানো গাছকে। উদ্দেশ্য, শিকড় শুদ্ধু উপড়ে নেবে, জমা করবে যন্ত্রের পেটে। তারপর দিনের শেষে, সন্ধ্যার মুখে ফেলে আসবে সীমান্তের ওপারে।

এক চুলও নড়ানো গেল না একটি গাছকেও।

কিছু পাতা ছিঁড়ে এল, কিছু ফুল লুটিয়ে পড়ল মাটিতে। কিন্তু একটি গাছও নড়ল না নিজের জায়গা থেকে।

সামান্য গাছের কাছে যন্ত্রের এই পরাজয় তো মেনে নেওয়া যায় না! মহারাজ কী বলবেন? আর মন্ত্রীরা? রাজবিজ্ঞানী যন্ত্রের জোর বাড়াতে লাগলেন।

যন্ত্রচালক দূরভাষে খবর দিলে - অসম্ভব! মনে হচ্ছে যেন গাছগুলোই টানছে আমাদের উৎপাটনযন্ত্রকে। এমন তো হওয়ার কথা ছিল না?

রাজবিজ্ঞানী তখন চালু করলেন যন্ত্রের দিব্যদৃষ্টি। যা দিয়ে মাটির নিচে উঁকি দেওয়া যায়।

তারপর, নির্বাক বিজ্ঞানী আদেশ পাঠালেন, উৎপাটনযন্ত্রকে ফিরে আসতে।

*

- কীভাবে সম্ভব হল, রাজবিজ্ঞানী?

- জানি না মহারাজ, কিন্তু যা দেখলাম, তা অবিশ্বাস্য। যন্ত্রের চোখ না হলে আমি নিজেও হয়তো বিশ্বাস করতাম না। কিন্তু মাটির নিচে সমস্ত গাছের শিকড় একে অপরের সঙ্গে জট পাকিয়ে এমন করে বেঁধে রয়েছে, এদের উপড়ে আনা অসম্ভব। বটের সঙ্গে গরাণ, গরাণের সঙ্গে হেঁতাল, হেঁতালের সঙ্গে গেঁওয়া, আর পুরো জঙ্গল ঘিরে রেখেছে সুন্দরী গাছের গুলো। ফলে খুব বেশি ভেতরে ঢোকারও রাস্তা নেই। এখন একটাই উপায় - আরও বড় যন্ত্র বানাতে হবে, আরও শক্তিশালী আঁকশি, আরও জোর লাগাতে হবে - কিন্তু তাতে করে সব গাছকেই উপড়ে ফেলতে হবে। জঙ্গল খালি হয়ে যাবে!



Antarika
Bengali Association of Bromley

- না হে, একেবারে খালি করা যাবে না। পরিবেশ নিয়ে হইচই শুরু হলে অসুবিধা বাড়বে। তুমি বরং অন্য কোনো পথ খোঁজো।

- কিন্তু মহারাজ - প্রধানমন্ত্রী গলা খাঁকারি দিলেন -

- বলুন, মন্ত্রী।

- একটা রাজকীয় নোটিশ লাগানো হল, সেটার যদি পালন না হয়, বিরোধীরা ছিছিক্কার করবে যে?

- কেন পালন হবে না মন্ত্রী? গলায় মধু ঢেলে বললেন রাজামশাই -

- জঙ্গলের পাশেই তো গ্রাম। ওখানে লাগিয়ে দিন নোটিশটা, আর গাছ কেটে লিখে দিন মানুষ। ওদের অত শিকড়টিকড় গজায় না!

***

লেখক-পরিচিতি: উদয়াদিত্য সোমের জন্ম ষাটের দশকের শেষভাগে কলকাতায়। পড়াশোনা প্রথমে বালিগঞ্জ গভর্নমেন্ট হাই স্কুলে, তারপর যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। ত্রিশ বছরের পেশাগত জীবনের বেশিরভাগটাই কাটিয়েছেন বাংলার বাইরে। চাকরিসূত্রে গত চার বছর ধরে ব্যাঙ্কক-প্রবাসী। লেখেন মূলতঃ সামাজিক মাধ্যমে, তবে নতুন প্রজন্মের কিছু প্রকাশনা সংস্থায় ইদানিং তাঁর লেখালেখি সংকলিত হয়েছে।

"ভূমিজ" গত বছর ফেসবুকে পূর্ব-প্রকাশিত।

# বিভাগ – কবিতা

## .............আশ্বিন .............

-শিল্পী বন্দ্যোপাধ্যায়

যদিও চরাচরে আশ্বিন তবু উদ্দাম বাতাস ভরা  কান্না
এবারের বোধন খোঁজে রামধনু বিহান
আকাশের সোনা রঙে মেঘের কালিমা
মায়ের মুখ ভাসে গর্জনতেল মাখা
হাতে হাতে ভীষণ প্রতিরোধ অস্ত্র
তবু চোখ ভরা অশ্রু ঝলমল
দুলে ওঠে ত্রিভুবন ঢাক ঢোল কাঁসি  নাচে নটরাজ
দুর্গতি নাশিনি  দনুজদলনি দুর্গার প্রতিবার নবরূপায়ন

- শিল্পী বন্দ্যোপাধ্যায়

কবি পরিচয়: আমি জীবনের প্রথম কবিতাটা লিখেছিলাম আমার আট বছর বয়সে।তারপর থেকে লেখা চলেছে আজো। ইতিমধ্যে আমার একটি কবিতার বই বেরিয়েছে গত ২০১৩ তে।কিছু কবিতা পত্র পত্রিকাতে ছাপা হয়েছে।দুটি গল্পও ছাপা হয়েছে। বইটা কৃষ্ণমৃত্তিকা প্রকাশনী থেকে ছাপা হয়েছিল।বইটার নাম  'সৃক্কা' । যম রাজ নচিকেতা কে মৃত্যু লোকের জ্ঞান দিতে পারবেন না বলে অনেক উপহার দিয়ে ভোলাতে চেয়েছিলেন,তারই মধ্যে একটি গলার হার যার নাম সৃক্কা।যেটি গলায় পড়লে অতীত বর্তমান ভবিষ্যতের সব কথা গানের সুরে ও কবিতার ছন্দে বাজতে শোনা যায়।

# ................আমার দূর্গা..............

তোমার গর্ভেই সৃষ্টি হয়েছিল
আমার প্রথম প্রাণের স্পন্দন।
তোমার কোলেই আমি প্রথম শুনিয়েছিলাম
আমার জীবনের প্রথম ক্রন্দন।
তুমিই আমায় দেখিয়েছিলে
আমার প্রথম ভোরের আলো।
তোমার দেহের উত্তাপই আমায় বুঝিয়েছিল
তোমার মাঝেই আমার সকল ভালো।
তুমি আমার মা
তুমি আমার প্রথম দূর্গা।
এসো মা,তুমি জাগো
জাগো দূর্গা,জাগো দূর্গতিনাশিনী।
বেজে উঠুক ঢাক্
বেজে উঠুক শংখ।
তোমার আরতিতে শুদ্ধ হোক্
এই ধরিত্রীর সকল মলিন পংক।
আকাশের ওই ঈশান কোনে
দেখা যায় সোনাঝরা রোদ
আজি ধুপের গন্ধে শুদ্ধ হোক্
মানুষের সকল সন্তাপবোধ।
জাগো দূর্গা,জাগো অসুরোবিনাশিনী
জাগো দূর্গা,জাগো বলপ্রদায়িনী।।

\- অরূপা বন্দ্যোপাধ্যায়

আমার লেখার শুরু আমার আঠারো বছর বয়স থেকে হঠাৎই। আমার বাবার হঠাৎ মৃত্যুর পর। তখন আমি অনেক ছোট এবং মনের মধ্যে এক বিশাল শুন্যতা। প্রিয়জনকে হারাবার আমার সেই প্রথম অভিজ্ঞতা। আমার সেই শুন্যতার অনুভুতি থেকেই আমার লেখার শুরু।তাও আমি তখন কবিতা লিখতাম না। আমার মনের ভাবনাগুলো কে( fleeting thoughts) লিখতাম। কবিতা লিখবো আমি কোনদিন ভাবিনি। কিন্তু জীবনের ঘাত প্রতিঘাতে মাত্র একবছর হোল, আমার সেই ভাবনা গুলো কবিতার আকার নেয়। আমি English/Bengali দুই ভাষাতেই লিখি।

না, আমার কোন লেখা ছাপা হয়নি।যদিও অনেকেই বলেছে। আমার লেখা আমার হৃদয়ের অনুভুতির প্রকাশ। I write from my soul..

# .........অন্য .........

নেই ঢাক ,ঢাকী নেই
আছে রোষ, রোশ-নাই,
খুঁটি  আছে, বাঁশ নেই
অ- মেজাজ পূজো তাই।

তবু দেখ কাল এল
নিজ নিজ প্রত্তয়,
তুলো মেঘ, কাশ ফুল
শিউলির সমাহার।

আকাশে চাইলে পাবে
দূর্গার অবয়ব,
মাটি তাই তাল দেয়
ঢাকীদের কলরব।

খাঁখাঁ করে মাঠ ঘাট,
জনপথ বন্ধ,
পোস্ট-বক্স ভরা তবু
পূজো পূজো গন্ধ।

জোর হাওয়া বয়ে আনে
ধুনুচির ধুঁয়ো ভার,
গাছ নড়ে অকারণ
অষ্টমি ‘ সন্ধি’ আজ।

যদি খোলো মন আর
মোদ চোখ একবার—
পূজো ‘ ফিল’ পাবে ঠিক
 ‘ অন্য’ হোক না এবার।।

 - Monoreena Acharjee Majumdar
।।আমি পথ ভোলা এক পথিক এসেছি।।

# ........তোমার-আমার......

তোমার বলতে সন্ধ্যে বেলার চিঠি
আমার বলতে লেপ টেনে নেয়া শীতে
তোমার ঠিকানাটা , জাতিস্বরের
মনে আছে এমনিতে।

তোমার বলতে কয়েক ডজন বই
আমার বলতে ফকির লালন সাই
তোমার পাড়ায় দুপুর-ছেঁড়া মেঘ
আমার পাড়ায় বৃষ্টি ভ্যালেনটাইন।

তোমার বলতে বিনিসুতোর দিন
আমার বলতে ইডেন- গামী বাস
তোমার স্নান সারা এলোচুল
তাঁতের শাড়ি, সেদিন চৈত্রমাস।

তোমার বলতে ফুরিয়ে আসা পাড়া
নিজের কাছে ফিরতে চেয়ে খালি
আমার বলতে ইনকিলাবের মোড়
পাল্টে যাওয়া আজও সমকালীন।

- দেবাশীষ ঘোষ রায়

Debasish is a well known name in the literary world of UK Bengali diaspora, residing in the UK for the last 14 years. His many achievements include - famous Bengali singer Timir sung “Chaile tomay”, lyrics by Debasish. Won the first prize in Poem in musafirana uk concert in 2018 , selected by Srikanto Acharya , Srijato & Joy Sarkar. Debasish has also published a collection of his poems in Boimela 2018, titled “ Ami, Tumi O koyekjon”. Poetry is his passion and he has been a regular contributor to various social media platforms aimed at UK Bengalis.

# Potato Basket Chaat Recipe




Serving: 5 people

## Ingredients

🌻For Potato Basket:
1/2 kg Potato
1 Tbsp Corn Flour
1 Tbsp White flour
1/4 tsp Salt
2 strainers (1 big and 2nd small)
oil for frying

🌻For Chaat:
1 cup Yogurt
1/2 cup Black & White Chickpeas (Boiled)
1/2 cup Boiled Potato Cut into cubes
1 Tomato Chopped
2 Tbsp Tamarind Chutney
2 Tbsp Green Chutney
1 Tbsp Chaat Masala
1/2 tsp Black Salt
Sev as you required
1 Tbsp Fresh Coriander Chopped Ingredients

## Method

Steps

🌻How To Make a Potato Basket: Slice potatoes extremely thin, about 2mm thick and then shred into fine straws about 2mm thick, alternatively using a mandoline with a julienne attachment. Place potato into a large bowl or sieve, add cold water and rinse potatoes well until the water runs clear to remove excess starch. This will help the potatoes to become crispy.

Drain potatoes well and squeeze out excess water then use a paper towel to remove any moisture.
Pour vegetable oil into a wok and heat at high, temperature
Add flour to the potatoes and toss well to combine.
Dip a larger strainer into the oil, place over saucepan then add potato evenly around the sides and base of the strainer to create a birds nest, about 1cm thick.
Dip the smaller strainer in oil and place on top.

How To Make a Chaat: After fried all potatoes basket then make chaat for this. Take a bowl and add Yogurt, Black Salt and mix it well and then add Black & White Chickpeas, Boiled Potato, Tomato, Chaat Masala and mix it well and then put all chaat on the Potato baskets and then put some Tamarind Chutney, Green Chutney, Chaat Masala, Sev and some yoghurt and Green Coriander. Your Potato Basket Chaat is Ready. Enjoy

When oil is ready, add strainers and fry until potatoes are golden and crispy, this might take between 5 – 10 minutes. When the basket is nearly ready to remove from oil, gently remove the top strainer, or whatever strainer comes off easily, use a tip of a knife if any potato is stuck in the strainer, just be gentle so the nest doesn't break.
Remove nest and place on a paper towel, remove the other strainer, allow to cool slightly. The basket is now ready to use to serve.

# Bengali Doi Ilish Recipe

## Doi Ilish

### Ingredients



- Hilsa Fish -1 kg
- Mustard paste - 5 tablespoons
- Salt - as per taste
- Turmeric powder - 3 teaspoons
- Red chilli powder - 1 teaspoon
- Mustard oil - 3 tablespoons
- Green chillies - 3 to 4
- Yogurt - 2 tablespoons
- Kalonji - 1/2 teaspoons

### Method

- Marinade the fish with salt and 1 teaspoon turmeric powder for half an hour and then fry lightly.
- Heat 2 tablespoons of mustard oil in a flat bottom pan or kadhai.
- Add the kalonji and one green chilli when the oil is smoking hot.
- When it starts to splutter add the mustard paste.
- Next add the salt, turmeric powder and chilli powder stirring continuously.
- Sauté the mixture till the oil separates from the side.
- Add water and bring it to boil.
- Add the whisked yogurt and mix it properly.
- Next add the fried fishes one by one carefully and let it simmer for 5 minutes.
- Finally, add the green chillies and some mustard oil.
- Serve it with steamed rice and enjoy!

Indrani Saraswati

Bengali Association of Bromley

# *Durga Puja Through The Eyes Of An Adolescent*

Durga Puja is a celebration for me of importance because it happens to be the most awaited occasion that my parents look forward to. Ever since I was probably learning about my timetables and learning how to colour in between the lines, I remember attending Durga Puja at various places.My mum used to tell me the mythology and lores and always compared our visits back to Kolkata just like Maa Durga's homecoming - of sorts. When I was younger, it essentially meant gifts from grandparents-time to attend observances and was all about colourful dresses, parties and honestly some delicious food. When really young and couldn't protest much my mum sometimes made me perform at these gatherings and - was it great? Could've been better, but nevertheless it was something that was fun for people to watch. And I most certainly have a good laugh watching them. It was to me at the time, a party, a celebration and a joyous occasion.

But at that tender age I couldn't appreciate the reason as much as I do now - as to why these festivities occurred. As I've grown older, now learning about religions and cultures-the importance and significance of the celebrations has been more clearer and meaningful to me. These gala celebrations are nothing but a note of gratitude for how much we have been blessed with -Pujas aren't just parties, they're a time to honour and enjoy Gods' gifts.

Of course this time it's very different, but there's no change in excitement. How happy the heart feels knowing the auspicious days are just ahead. Wishing one and all a Very Happy Durga Puja. As Maa Durga would want - all her children to be staying safe and staying alert.

W'Dron Oendrik Kundu
Age: 15 years old

# INDIA

## A travel write-up

India can be described in two ways - a surreal variety of culture, language, traditions and values and a country filled with slums, dirt and chaos. After travelling there, I've come to think of it as a place of contrasts and contradictions; all of which have come together to make a country as spectacular as the Indian subcontinent.

Even after going there many times, I've realised that I will never be a true Indian nor a true British person but neither of these reasons stop me from talking about the amazing attributes that India holds (and some of my bizarre experiences too).

From what I have gathered, driving on Indian roads can be truly an exquisite experience, providing you don't get injured in the duration of your journey. My first-time around the city of Mumbai on Indian uber was nightmarish. A daunting experience which will stay with me for the rest of my life. On that day, my first time in India as a young child, we were making the journey from the Mumbai's famous Chhatrapatl Shlvajl Int. Airport to my aunt and uncle's house, which was roughly an hour away. My mother, sister and I were clearly in a rush: our faces flushed red and sweat dripping down our faces purely because my sister and I had never experienced scorching heat of this sort before. Our clothes were unsuitable too. It was clear that we hadn't thought the prolonged journey over continents through.

Eventually, we got hold of a taxi. It didn't seem to have air conditioning, which was quite obviously the opposite that we had hoped for but imagined that opening the windows would be sufficient. It was not. We were in motion now; it started off slow (slow: as in what was considered normal in the UK), but it didn't take long at all for the car to accelerate. The opening of the windows had allowed for masses of dust from the roads to enter the car. This made me cough uncontrollably, as if I had just walked past a group of smokers in a non-smoking area but five times that. The smell was wonderful though, it marked what was truly the 'taste of India': a rich, flavour filled, strong aroma - one that I was more than delighted to experience.

Noise enveloped me: blaring horns, bellowing cows (yes, cows wander around just as people do), the din made me feel a sense of ultimate impuissance. There were infinite bumps on the uneven, rutted roads - many a time we found

Bengali Association of Bromley

ourselves being shaken like coins in a piggy bank. And throughout all this, my mother seemed unfazed, unperturbed, unvexed. I wasn't surprised, not one bit. She had grown up here. She had ridden and driven on these roads many times and on various vehicles too.

I had been thinking about just that - a life in India - when we hit a completely unanticipated bump in the road. At that moment, it felt as if my stomach had toppled and eyes had popped out - much like when you are going downhill at speed on a rollercoaster.At the end of it all, the driver, to whom I hadn't paid much attention to during that indelible journey of mine, turned around to say: "Aap log bilkul theek ho na?" (Are you all alright?) in a caring yet frivolous tone. I was tempted to say a fervent yes, however, my mother cut in and said: "haan ham theek hain" (Yes, we are ok). She continued to give me a look, which featured a slight hint of annoyance and pity.

The rest of the holiday was spent venturing in and out of famous Mumbai landmarks such as: the gateway of India, the Mahalaxmi temple, Hajl All Dargah and the sanjav Gandhi National Park. It was enjoyable; the Intricate, serpentine designs, the places filled with centuries and centuries of history to teach and finally: the food. Need I say more?

I felt out of place. An outsider among family. I had neither grown up nor studied her and yet I had a connection stronger than any other person to the country. A connection which, had I not lived abroad probably wouldn't have been as Indestructible as It Is today. You could say my experiences have made me the person I am today but who am I without my roots?
India Isn't a perfect country; It never was and may never be, but there Is no doubt that I am proud of her.

- Angelina Bora

*- My name is Angelina Bora. I am a year 10 student and a resident of Orpington. I've written a piece about my emotional experiences on a trip to india, our mother land. I hope that many second generation immigrants can identify with my feelings will encourage many children of my age to go through these experiences themselves. We are who we are, because of our roots. Our India is not perfect but we are all Indians at heart and we are proud of it.*

# *Diwali*

This a story about Ram and Ravana. In ancient times, there was a kingdom called Ayodhya lived a king called Dasarath. He had 2 sons called Ram and Lakshmana. Ram was in love with Seetha. The queen saw Ram and Seetha in love, so she told to the king that Ram can't be the next king. She said that Bharath has to be the next king and Ram, Lakshmana, and Seetha have to go to the forest for 14 years. They went to the forest leaving the kingdom.

They lived in a hut in the forest. One day a lady, Surpanaga saw the handsome Ram and asked – "If he would marry her?". He said "No", ask my brother Lakshmana instead. But he refused as well. She got angry and forced him which made him chop her ears and nose off.

She ran to her demon brother, Ravana to take revenge of them. Ravana ruled the kingdom of Sri Lanka. He made a plan to disguise in to golden deer to kidnap Seetha when Ram and Lakshmana were not home. When they came back, they noticed Seetha was missing.

They went in search of Seetha, they came to an area of monkeys and bears. They saw Hanuman who has super power to carry mountains in his arms, and fly over sea. He agreed to search for Seetha.

He flew over the sea and found Seetha sitting in one of the Ravana's garden. He flew back to Ram and they made a path with stones to Sri Lanka for a battle. Hanuman and the monkeys won all the evils except Ravana. Now it was Ram versus Ravana.

They fought with each other with bow and arrow, but they could not defeat because of the shield. He prayed to God to help. God told Ram that Ravana's weakest point is his heart. Ram trusted the words and shot the arrow directly to Ravana's heart while he was laughing. Ravana died.


Ram and Seetha were in love again. They went back to the kingdom of Ayodhya after 14 years. The people were so happy of their return and celebrated with the victory of good over evil by lighting lamps on the street, bursting fireworks which is celebrated as diwali by the entire country

By Sai Raghavan
Year-3


# Children's Art




Debasree Gomukh
Age: 6 years old




Priyanka Chatterjee
Age: 8 years old




Aditya Ghosh
Age: 7 years old



Eshana De
Age: 7 years old

Bengali Association of Bromley

# *Paintings*



Artist: Swagata Sinha Roy



Antarika
Bengali Association of Bromley



Acrylic on Canvas
By Manjari Biswas



Antarika
Bengali Association of Bromley




Artist: Sayan Ghosh

# Photography



















Photo credits: Spriha Mukherjee
Age: 15 years old. She is passionate about photography and is a rising star

Bengali Association of Bromley

# My Maa Durga

My maa Durga has a multitude of forms - Kaali, Parvati, Shakti, the list goes on and on...
Yet... I can't help but see, pure love in a form made just for me

My maa Durga is the eternal energy that ebbs and flows - she destroys, creates and pushes me to grow
A beacon of light, a symbol of hope, a warrior who
Annihilates the evil that holds me back and spoils my soul.

Dearest Maa Durga,
Uma, Chamundi
Rajeswari, Ambika and Maha Gauri
Goddess of many strengths, with many powers and many forms, I see you
All in my mother – in her love, in her care, in her warmth.

By Anumita Mukherjee
Age: 18 years old


Bengali Association of Bromley

# *The Guards of The Weak*

The lush farm was low. It was well below sea level. Over the horizon the dawn was breaking. There was a thin cloud cover overhead. The farm was covered, split into 20 giant patches that each grew a different kind of vegetable. There was a small little cottage in the corner. A huge flock of black 'V' shaped birds flew in a tight formation amongst the hue of many colours. At the rear of this, there were a pair of struggling birds that only just managed to keep up.

The lead birds dived in at a near vertical angle. The struggling Starlings plunged energetically into the dive. In their excitement though, they nosed over too far and soon they had overtaken the lead two birds. Realising their mistake the Starlings flapped their wings in a futile attempt to slow down but this was to no avail. Down below a cat lay low concealed and in the shadows. It was in between a sack of grain and the red brick wall that circled the farm. Seeing the struggling bird, it smiled to itself while thinking that it would be an easy kill. It tensed its muscles waiting to pounce on his unsuspecting victim. Then his time came. He lead his target with deadly accuracy. He opened his jaws and grabbed his prey in midair.

Like a bolt of lightening from nowhere, the lead Starling swooped down onto the cat's 6 o'clock soundlessly, without a thought for himself. With no warning, the bird's talons ripped through the cat's hide, forcing the bird out of the cat's mouth before it had a chance to kill it. The lead bird banked away. Meanwhile second lead took the rest of the flock to the clouds. There they formed groups of four. The first group nosed over and accelerated to seventy-five kmph. Coming out of the sun they retained the element of surprise. They attacked. The cat could not believe that this entire flock of little birds were retaliating. His prey was after all just a weak bird; it is just another mouth to feed, and being weak it does nothing useful to the flock. However the flock had other ideas. They believed that if any bird in their flock is taken, it is a war against the entire flock. They never gave a thought to who that bird was. The group swooped down at the cat with a frenzied vigour. They peeled back the hide of the cat, marking the centre of the attack. The cat collapsed with pain. The next group finished the cat off. The next retrieved the wounded bird.

They all stayed with the unfortunate one until it regained consciousness after almost an hour. It took over 20 more minutes for it to try to fly. At first the little bird just fluttered its wing to make it just leave the ground. After a while it reached the pinnacle of a vine. while this was taking place the others looked over calmly. It took 20 minuites for it to reach the upper branches of a tree. Another hour was taken for it to fly stably. The other birds took off, putting him in the middle of the flock. The birds spread their wings out more than usual as if they communicated a smile to each other

By Roudra Bhattachayya



Bengali Association of Bromley

# The poem of Durga Puja

Her painted pupils travel,
Across the lovely golden gravel,
She reads the thoughts that worry all,
And imparts the knowledge to save us from fall,
We feel her love within our heart,
Which saves us from going apart,
She is our mother and Shib is our father,
Therefore, we worship them together.

The world was full of problems,
Global warming, pollution and hundreds of them,
But now that you're here,
There is nothing to fear
Now the world is beautiful and covid is fading,
Whilst our loving mother Durga is approaching,
The trees have started to blossom,
And the animals start to get ready to sleep,
And listen to God,
The golden key.

THANK YOU FOR THE PEACE, LOVE, JOY AND HAPPINESS YOU GIVE US.

***HAPPY DURGA PUJA!!!***

By Arjun Mukherjee
Age 10 years old

# বিভাগ - পুজোর নতুন গান

## মা দূর্গা করো করুণা

শিউলি ফুলের গন্ধে সবার মন মেতেছে আজ
বছর পরে আসছে উমা, তাই তো নতুন শাজ

নতুন জামা, নতুন ফ্যাশন, নতুন পুজোর গান
দশভূজা র আগমণে, জাগছে নতুন প্রাণ

ঘণ্টা কাঁসর শঙ্খ ধ্বনি জয়ো জয়ো মা
রোগমুক্ত পৃথিবী দাও গো মাগো মা

খুশির ঢেউয়ের কোলাহলে, তুমি আছো জগৎ জুড়ে
মা দুর্গা করো করুণা

মা দূর্গা করো করুণা
মা দূর্গা করো করুণা

অঞ্জলী আর প্রসাদ ভোগে, তুমি আছো জগৎ জুড়ে
মা দুর্গা করো করুণা

ঢাকের তালে নাচছে ঢাকি ঢেনকুরাকুরকুর
পাঁচ দিনের এই আনন্দে তে ভুবন ভরপুর

মা দূর্গা করো করুণা
মা দূর্গা করো করুণা

গীতিকার: শীর্ষেন্দু মুখার্জী

গানটি YouTube এ এবং বিভিন্ন স্ট্রিমিং প্লাটফর্ম এ প্রকাশিত





Bengali Association of Bromley

# ভবাপাগলার মাতৃপূজা

- মিনু মুখার্জী

সাধক কবি ভবা পাগলা র হাজার হাজার গানের রচনার মধ্যে একটি আজ আপনাদের সামনে তুলে ধরতে খুব ইচ্ছে করছে। আমরা তো দুর্গা পুজোর দিন গুলি তে দেবীর মূর্তি পুজন করে থাকি। তিনিও করে থাকতেন। কিন্তু আসল পুজো যে মনের পুজো সেটি এই গানের মাধ্যমে তিনি কত সুন্দর ভাবে প্রকাশ করেছেন।
যে ভক্ত চিত্ত ব্যাকুল হয়ে মায়ের নামে মেতে থাকে,মায়ের কাছে সমর্পণ করে ,মা তার অন্তরে প্রকাশিত হন । অষ্টমী তে 'এসো মা তুমি ' বলে আমরা মায়ের দশপ্রহরন ধারিনী রূপ কে যেন আমাদের হৃদয়ে আবাহন করতে পারি। নবমী তে যেন মায়ের নব নব রূপের আরাধনা করতে পারি। আর দশমী তিথি তে দুর্গতিনাশিনী যেন আমাদের হৃদয়ের কালিমা মুছিয়ে দেন , তাঁর নামের বিশ্বাসে যেন আমরা কঠিন থেকে কঠিনতর পথ অতিক্রম করতে পারি।



ভক্ত চিত্ত মুখ নিঃসৃত বাণী-
সপ্তমী তিথি ,, সব তুমি।
কা'র  অন্তরে ,, প্রকাশিত হও মা,,
কি কহিব আমি ॥

অষ্টমী ,, এসো মা তুমি ,, দশপ্রহরণ ধারিণী
নবমী ,, নব নব তুমি ,, সর্ব মঙ্গলকারিণী।
দশমী , দশম দশার দশা ,, দুর্গতিনাশিনী,,
দুর্গা , দুর্গানামে ,, দুর্গম পথ ভ্রমি ॥

অসুর দমনকারিনি ,, একাদশী পার্বণ পর্বে,,
মহানামে গর্বিত ভবা,, চলে মহা দর্পে ।
ভুবন ভরিয়া ,, দুর্গা নামে দলিয়া যাব , বিষয়- সর্পে,,
চিত্ত ,, চিত্তানন্দ করিছে যিনি ,, তাঁহাকে আমি নমি ।।

- ভবা পাগলা

Bengali Association of Bromley









Bengali Association of Bromley








Bengali Association of Bromley












Bengali Association of Bromley













Pujo in progress


Aantarik.1
Aantarik.b
Aantarik
Subhasree Dey
Rhia Mukherjee
Oindrilla
Runa Roy
S
Sunetra Chakraborty
Debasri
Aantarik.backup
Anasua Ganguly
Kiran
JD



Tamasha™
Hotel & Restaurant
"When we opened our doors in 1992, it was my intention to bring the vibrancy, indulgence and experience of India to Bromley. I have taken great pride in personally handpicking the finest chefs from across India and ensuring that you are always served fresh ingredients, cooked to perfection using traditional techniques. Welcome to the days of the Raj; welcome to Tamasha"
Shekor Tarat, Owner
For any events, catering enquiries or restaurant and hotel bookings please call:
020 8460 3240
131 Widmore Road, Bromley, Kent, BR1 3AX
www.tamasha.co.uk
tamasha_bromley
@tamashabromley
@tamashabromley
OPENING TIMES
Lunch: 12:00 - 14:30
Dinner: 18:00 - 22:30
Monday - Sunday




SPECIAL OFFERS
SHOP ASIA
QUALITY SERVICE
ASIAN AND CONTINENTAL FOODS
123 HIGH STREET ORPINGTON KENT BR6 0LG
01689 821418 OPEN 9AM – 7PM MON TO SUN
❖ FRESH SEASONAL EXOTIC FRUITS
❖ HERBAL & AYURVEDIC PRODUCTS
❖ SAVOURY SNACKS & SWEET TREATS
❖ CHILLED & FROZEN VEG AND MEAT
❖ SHAYONA PRODUCTS
❖ DRY FRUITS & NUTS
❖ MARKET FRESH VEGETABLES
❖ HERBS, SPICES & SAUCES
❖ RICE, FLOURS & OILS
❖ POOJA ITEMS, IDOLS, HARS & DIYAS
Tilda
NATCO
AASHIRVAAD
Vatika
AND MANY MORE TOP BRANDS...




Bengali Association of Bromley

# Thank You

Thank you for reading the Sharodiya e-magazine'. We hope you enjoyed reading it as much as we enjoyed creating it for you. Sharodiya magazines have a long history in Bengal and very few can deny a deep emotional connect with them. Our humble effort has hopefully brought you some joy in these dark times. Do contact us at aantarikbab@gmail.com and let us know if you have any feedback.

Bengali Association of Bromley